কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

minister ফ্রিজ
ফ্রিজ দৈনিক কিস্তি
৳১০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

শুক্রবার
বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৪৮ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২৬ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ১৯ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা
০৯ জুন ২০২৩



## গুণগত শিল্পায়নের পথে দেশ দ্রুত এগিয়ে চলছে : প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকারের মূল লক্ষ্য ২০৪১ সাল নাগাদ বাংলাদেশকে উন্নত-সমৃদ্ধ রাষ্ট্রে পরিণত করা। এ লক্ষ্য অর্জনে গুণগত শিল্পায়নের পথে দেশ দ্রুত এগিয়ে চলছে। দেশীয় শিল্প কারখানায় বর্তমানে বিশ্বমানের পরিবেশবান্ধব শিল্পপণ্য উৎপাদিত হচ্ছে। তিনি বলেন, 'এর ফলে আমাদের রপ্তানি আয় বাড়ছে এবং জনগণের জীবনমান উন্নত হচ্ছে। এছাড়া জাতিসংঘ ঘোষিত 'টেকসই উন্নয়ন অভীষ্ট-২০৩০' অর্জনেও আমাদের সরকার বদ্ধপরিকর। এ ধারা ২-এর পাতায় দেখুন

## সংসদকে 'স্মার্ট পার্লামেন্ট' হিসেবে গড়ে তোলার কাজ চলমান

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এমপি বলেছেন, স্মার্ট বাংলাদেশের চারটি স্তম্ভ- স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি গড়ে তোলাই সরকারের লক্ষ্য। বাংলাদেশ জাতীয় সংসদকে 'স্মার্ট পার্লামেন্ট' হিসেবে গড়ে তোলার কাজ চলমান।



## 'নিষেধাজ্ঞার জন্য নালিশ করতে করতে বিএনপি এখন নিজেরাই ফাঁদে পড়েছে'

**নিজস্ব প্রতিবেদক :** সংলাপের কথা শুনে বিএনপির নেতাদের আবারও জিহ্বায় পানি এসেছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেন, সংলাপ নিয়ে আপাতত আমরা ভাবছি না, ভাবব কি না সেটা পরের বিষয়। গতবারের কথা আমাদের মনে ২-এর পাতায় দেখুন



## অস্ট্রেলিয়ার হাই কমিশনার জেরেমি ব্রুর সঙ্গে বিএনপি নেতাদের বৈঠক

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকায় নিযুক্ত অস্ট্রেলিয়ার হাই কমিশনার জেরেমি ব্রুর সঙ্গে বৈঠক করেছেন বিএনপি নেতারা। গতকাল বৃহস্পতিবার দুপুর ২টায় গুলশানে অস্ট্রেলিয়ার হাই কমিশন অফিসে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ২-এর পাতায় দেখুন

# ২০০ বছরের রেকর্ড ভেঙেছে এবারের তাপমাত্রা

**নিজস্ব প্রতিবেদক :** তীব্র তাপদাহে পুড়ছে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলো। গত কয়েক দশকে এত তাপমাত্রা দেখেনি এসব দেশ। গতকাল বৃহস্পতিবার সিএনএন'র খবরে বলা হয়েছে, এ অঞ্চলে গত ২০০ বছরের রেকর্ড ভেঙেছে এবারের তাপমাত্রা। পুড়ে কয়লা হয়ে যাচ্ছে মানুষ, পশু-পাখির প্রাণ।

এপ্রিল ও মে মাস সাধারণত দক্ষিণ-পূর্ব এশিয়ার উষ্ণতম মাস। মৌসুমি বৃষ্টিপাতের আগে এই



দু'মাসের তাপমাত্রা কিছুটা স্বস্তি নিয়ে আসে। কিন্তু এবারের তাপমাত্রা বৃদ্ধি যেন স্বস্তি নয়, নিয়ে এসেছে ভয়াবহ বিপর্যয়।

রেকর্ড তাপে পুড়ছে দক্ষিণ-পূর্ব এশিয়ার পর্যটনের হটস্পট থাইল্যান্ড ও ভিয়েতনাম। একই কাতারে মালয়েশিয়া, কম্বোডিয়া ও লাওসও। উচ্চ তাপমাত্রা বৃদ্ধি দিন দিন অসহনীয় পর্যায়ে চলে যাচ্ছে। থাইল্যান্ডের ইতিহাসে ১৫ এপ্রিল ছিল সবচেয়ে উষ্ণতম দিন। তাপমাত্রা ২-এর পাতায় দেখুন

# জেলা প্রশাসকরা অর্পিত সম্পত্তি লিজ দিতে পারবেন : হাইকোর্ট

**নিজস্ব প্রতিবেদক :** ১৯৬৫ সালে ভারত পাকিস্তান যুদ্ধের সময় যারা এদেশ থেকে পালিয়ে ভারতে যায়, তাদের সম্পত্তিকে শত্রু সম্পত্তি ঘোষণা করে তৎকালীন সরকার। পরে ১৯৭৪ সালে এসে সেসব সম্পত্তিকে অর্পিত সম্পত্তি করা হয়।

অর্পিত সম্পত্তি নিয়ে প্রথম আইন হয় ২০০১ সালে। যা কার্যকর হয় ২০১২ সালে। সরকারের এই আইনের উদ্দেশ্য ছিলো প্রকৃত মালিকদের জমি ফেরত দেয়া। কিন্তু এর আগেই অর্পিত সম্পত্তি নিয়ে লাখ লাখ মামলা হয়।

২০১২ সালে চট্টগ্রামের দুই ব্যক্তি গেজেট হওয়ার আগেই তাদের অর্পিত সম্পত্তি বিচারাধীন ছিলো দাবি করে হাইকোর্টে রিট করেন। সেই সঙ্গে জেলা প্রশাসকরা অর্পিত সম্পত্তি লিজ দিতে পারে কি না তা নিয়েও একটি রিট হয়।



তবে এ রিটের চূড়ান্ত শুনানিতে আইনি ব্যাখ্যার প্রয়োজন হলে ৩ সদস্যের বৃহত্তর বেঞ্চ গঠন করে দেন প্রধান বিচারপতি। সেই রিটের চূড়ান্ত শুনানিতে হাইকোর্ট ২০১২ সালের আগে হওয়া অর্পিত সম্পত্তির লাখ লাখ মামলা বাতিল করে দিলেন। বলবৎ হয় ২০১২ সালের আইনের ধারাটি।

এ রায়ের পর ফলে জেলা প্রশাসকদের অর্পিত সম্পত্তি লিজ দেয়ার আইনও ২-এর পাতায় দেখুন

## আওয়ামী লীগের মনোনয়ন বোর্ডের যৌথসভা আজ

**নিজস্ব প্রতিবেদক :** আজ শুক্রবার দলীয় সভাপতি এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে আওয়ামী লীগের সংসদীয় মনোনয়ন বোর্ড এবং স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের এক যৌথসভা অনুষ্ঠিত হবে।

গত বুধবার আওয়ামী লীগের দপ্তর সম্পাদক বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাসভবন গণভবনে শুক্রবার সন্ধ্যা ৭ টায় এই যৌথসভা অনুষ্ঠিত হবে।

সভায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্য সুরক্ষা বিধি মেনে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়েছেন।

# স্মার্ট বাংলাদেশই সম্প্রীতির বাংলাদেশ

---- জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম




**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম বলেছেন স্মার্ট বাংলাদেশই সম্প্রীতির বাংলাদেশ। এ দেশে সকল সম্প্রদায়ের মানুষ আবহমানকাল থেকে মিলে মিশে বসবাস করে আসছেন যা সারা বিশ্বে উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে আছে। তিনি বলেন জাতীর পিতার স্বপ্নের বাংলাদেশ বিনিমার্ণে প্রধান মন্ত্রী সার্বক্ষনিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এরই মধ্যে কিছু বিপথগামী সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের চেষ্টা চালায় তবে এ দেশের সর্বধর্মের মানুষ একসাথে তাদেরকে প্রতিহত করে সময়ে সময়ে।

তিনি গতকাল সকালে ঝিনাইদহ শিশু একাডেমী মিলনায়তনে ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। ইসলামিক ফাউন্ডেশন ঝিনাইদহের ২-এর পাতায় দেখুন

## 'প্রধানমন্ত্রীর নেতৃত্বে বর্তমান সরকারই নির্বাচনকালীন সরকারের দায়িত্ব পালন করবে'

**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন, 'চলতি সরকারই আগামী নির্বাচনকালীন সরকারের দায়িত্ব পালন করবে এবং প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা জননেত্রী শেখ হাসিনা নির্বাচনকালীন প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করবেন।'

গতকাল বৃহস্পতিবার দুপুরে রাজধানীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সিনেট ভবন মিলনায়তনে ৮ জুন বিশ্ব সমুদ্র দিবস উপলক্ষে ঢাবি সমুদ্রবিজ্ঞান বিভাগ আয়োজিত সেমিনারে মন্ত্রী এ কথা বলেন।

সম্প্রচারমন্ত্রী বলেন, 'বিএনপির তত্ত্বাবধায়ক সরকারের দাবি তো আন্তর্জাতিকভাবে কারো সমর্থন পায়নি।



## ঝিনাইদহে বিএনপি'র অবস্থান কর্মসূচিতে পুলিশি বাধাঁ

**নিজস্ব প্রতিবেদক :** পুলিশি বাধায় ঝিনাইদহে অবস্থান কর্মসূচি পালন করতে পারেনি বিএনপি। দেশে অসহনীয় লোডশেডিং ও বিদ্যুৎ খাতে দুর্নীতির প্রতিবাদে বৃহস্পতিবার সকালে শহরের বিদ্যুৎ অফিসের পাশে তসলিমা ক্লিনিকে সামনে জড়ো হয় বিএনপির নেতাকর্মীরা। সেখান থেকে বিদ্যুৎ অফিসের সামনে অবস্থান নিতে গেলে পুলিশ বাঁধা দেয়। পুলিশ বাঁধায় সেখানে বিক্ষোভ সমাবেশ করে তারা। এতে জেলা বিএনপি'র সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারন সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম-সাধারন সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, ২-এর পাতায় দেখুন

## বেনাপোলে ট্রান্সপোর্ট আফিসে বোমা বিস্ফোরণ, আটক-১

**বেনাপোল প্রতিনিধি :** বেনাপোলের ছোটআঁচড়া মোড়ে একটি তালাবদ্ধ ট্রান্সপোর্ট অফিস ঘরে বোমার বিস্ফোরণ ঘটেছে। রাত আনুমানিক ৩ টার দিকে বোমার বিকট শব্দে এলাকাবাসীর ঘুম ভেঙে যায়। সকালে বেনাপোল পোর্ট থানার পুলিশ খবর পেয়ে ছুটে আসে। তালাবদ্ধ ঘরের সার্টার খুলে পুলিশ বোমার আলামত উদ্ধার করে। বোমার বিকট শব্দে ঘরের দেয়ালের একাংশ ধ্বসে পড়েছে এবং সার্টার মারাত্মক ক্ষতিগ্রস্থ হয়েছে। এ ঘটনার পর ভাড়াটিয়া পিচ্চি লিটন ওরফে সোলা লিটন কে ৪টি হাতবোমা ও ৪টি তাজা ককটেল সহ আটক করেছে পুলিশ।

বেনাপোল পোর্ট থানার সাব ইন্সপেক্টর ২-এর পাতায় দেখুন

# ঝিনাইদহ জেলা আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত




**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ জেলা আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম, পুলিশ সুপার আশিকুর রহমানসহ জেলার সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মাসিক আইনশৃঙ্খলা কমিটির সভায় জেলা সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ ও প্রশাসনের কর্মকর্তাদের আরও দ্বায়িত্বশীল হয়ে কাজ করার আহ্বান জানান।

সভায় জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম সরকারি সকল দপ্তরসহ বিভিন্ন উপজেলা নির্বাহী কর্মকর্তাদের নিষ্ঠার সাথে দ্বায়িত্ব পালনের আহ্বান জানান। সেই সাথে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে যার যার অবস্থান থেকে কাজ করার আহ্বানও জানান তিনি।



## শৈলকুপায় মাদক বন্ধ করতে ওসির কঠিন হুঁশিয়ার

**সম্রাট হোসেন :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার দুধসর ইউনিয়নের চেয়ারম্যান শাহাবুদ্দিন সাবুর উদ্যোগে মাদক বিরোধী সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকাল ৫ টাই দুধসর গ্রামের ফাতেমা স্পোর্টিং ক্লাব খেলার মাঠে মাদক বিরোধী আলোচনা সভার আয়োজন করা হয়। এতে ১৪ নং দুধসর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি গোলাম সরোয়ার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম এসময় আরো উপস্থিত ২-এর পাতায় দেখুন

# নির্বাচন এলেই বিএনপি ষড়যন্ত্র করে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী

**মেহেরপুর প্রতিনিধি:** ঐতিহাসিক ৬ দফা দিবসের আলোচনা সভায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলছেন- নির্বাচন এলেই বিএনপি ষড়যন্ত্র করে। এটা বিএনপি রুটিং ওয়ার্ক। যারা জননগনকে ভয় পায়, উন্নয়নকে ভয় পায়, দেশের উন্নতিকে ভয় পায় কেবলমাত্র তারাই নির্বাচন নিয়ে গণতান্ত্রিক ধারা নিয়ে ষড়যন্ত্র করে। এসব ষড়যন্ত্র আওয়ামীলীগের কিচ্ছু আসে যায় না। দেশে নির্বাচন তার নিজস্ব গতিতেই হবে। বৃহস্পতিবার দিবসটি উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগ আয়োজিত মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধের অন্যতম পটভূমি ৬ দফা বাঙালির ২-এর পাতায় দেখুন




## আলমডাঙ্গায় শিক্ষককে পেটানোর মামলায় কারাগারে কৃষক লীগ নেত্রী



**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গায় একটি বিদ্যালয়ের প্রধান শিক্ষককে মারধরের অভিযোগে গ্রেপ্তার এক কৃষক লীগ নেত্রীকে কারাগারে পাঠিয়েছে আদালত। চুয়াডাঙ্গার বিচারিক হাকিম রিপন হোসেন বৃহস্পতিবার এ আদেশ দেন। সামশাদ রানু নামের এই নেত্রী জেলা কৃষক লীগের মহিলা বিষয়ক সম্পাদক। আলমডাঙ্গা থানার ওসি বিপ্লব কুমার নাথ জানান, বুধবার সন্ধ্যায় সামশাদ রানুর বিরুদ্ধে থানায় মামলা করেন আলমডাঙ্গা সরকারি বহুমুখী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান। ওইদিন রাত ৮টার দিকে আলমডাঙ্গা শহরের নিজ বাড়ি থেকে পুলিশ তাকে গ্রেপ্তার ২-এর পাতায় দেখুন

# মহেশপুরে অসহায় নারীদের মাঝে এমপি চঞ্চলের সেলাই মেশিন বিতরণ

**মহেশপুর প্রতিনিধি :** ঝিনাইদহের মহেশপুর উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে বৃহস্পতিবার দুপুরে এলাকার অসহায় নারীদের মাঝে সেলাই ম্যাশিন বিতরণ করা হয়েছে। ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য আলহাজ্ব শফিকুল আজম খান চঞ্চল এ সেলাই ম্যশিন বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ময়জদ্দীন হামিদ, ভাইস চেয়ারম্যান আজিজুল হক আজা,উপজেলা নির্বাহী কর্মতর্তা নয়ন কুমার রাজবংশী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মেহেরুননেছা,এসবিকে ২-এর পাতায় দেখুন




## দীর্ঘ ১৪ বছর পর আজ মহেশপুর উপজেলা আওয়ামীলীগের বর্ধিত সভা

মহেশপুর প্রতিনিধি : দীর্ঘ ১৪ বছর পর আজ শুক্রবার ঝিনাইদহের মহেশপুর উপজেলা আওয়ামীলীগের বর্ধীত সভা অনুষ্ঠিত হবে। দলীয় নেতাকর্মীরা জানান, আজ শুক্রবার সকাল ১০টায় মহেশপুর অডিটোরিয়ামে বর্ধীত সভাটি অনুষ্ঠিত হবে।

জেলা আওয়ামীলীগের কয়েক জন নেতার কারণেই আজ মহেশপুর উপজেলা আওয়ামীলীগের এ করুন হাল। ২০১৯ সালের ৩০ ডিসেম্বর মহেশপুর সরকারী পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয় মাঠে উপজেলা ২-এর পাতায় দেখুন

## গুচ্ছ ভর্তি পরীক্ষায় মেধা তালিকায় প্রথম ঝিনাইদহের আশিকুজ্জামান প্রান্ত

**ঝিনাইদহ প্রতিনিধি :** বিশ্ববিদ্যালয় অনার্স প্রথম বর্ষের গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (খ ইউনিট) ব্যবসায় শিক্ষা বিভাগে সারাদেশের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে ঝিনাইদহের শৈলকুপা উপজেলার আশিকুজ্জামান প্রান্ত। তিনি উপজেলার সারুটিয়া ইউনিয়নের কীর্তিনগর গ্রামের আসাদুজ্জামানের ছেলে।

প্রান্ত'র বোন আশফাকুন্নাহার ববি জানান, ২০২০ সালে কাতলাগাড়ী মাধ্যমিক বিদ্যালয় ও ঢাকা কর্মাস কলেজ থেকে বানিজ্য বিভাগে ২০২২ সালে জিপিএ-৫ পেয়ে আশিকুজ্জামান প্রান্ত উর্ত্তীন হয়। সাফল্যের এই ধারাবাহিকতায় এবার বিশ্ববিদ্যালয়ের গুচ্ছ ২-এর পাতায় দেখুন



# খুলনায় চতুর্থ শিল্পবিপ্লব বিষয়ক কর্মশালা

**নিজস্ব প্রতিবেদক :** Frontier Technologies in 4th Industrial Revolution to Build Smart Bangladesh শীর্ষক দিনব্যাপী কর্মশালা আজ বৃহস্পতিবার বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), খুলনা আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন খুলনার বিভাগীয় কমিশনার মোঃ জিল্লুর রহমান চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে বিভাগীয় কমিশনার বলেন, ডিজিটাল বাংলাদেশের রূপকার হলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশ ডিজিটালে রূপান্তর হওয়ার পর ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশে রূপান্তর করার জন্য সরকার কাজ করে যাচ্ছে। স্মার্ট বাংলাদেশ গড়তে অন্যান্য সেক্টরের পাশাপাশি শিক্ষকদেরও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। তিনি আরও বলেন, আইসিটি সেক্টরে ব্যাপক উন্নতি হয়েছে। আইসিটির সেবা দেশের সকল অঞ্চল ও সব শ্রেণি-পেশার মানুষের কাছে পৌঁছে দিয়ে আর্থ-সামাজিক উন্নয়নকে আরো গতিশীল করা সম্ভব। একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রযুক্তিগত উন্নয়নের সাথে নিজেদের প্রস্তুত করতে ২-এর পাতায় দেখুন




## মহেশপুরে সিজারের ২দিন পর নবজাতকের ও ৬দিনের মাথায় প্রসুতির মৃত্যু

**মহেশপুর প্রতিনিধি :** ঝিনাইদহের মহেশপুরে সিজারের ২দিন পর নবযাতকের এবং ৪ দিন পর প্রসুতি মায়ের মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে উপজেলার সোনাইডাঙ্গা গ্রামে।

এলাকাবাসী সুত্রে জানাগেছে,উপজেলার সোনাইডাঙ্গা গ্রামের মোশারফ হোসেনের কন্যা ময়না খাতুন (১৯) এর প্রসব বেদনা উঠলে গত ৩১শে মে উপজেলার যাদবপুর স্বপ্নছোয়া প্রাইভোট হাসপাতালে ভর্তি করে। ঐদিনই ডাঃ রাকিবুল ইসলাম তাকে সিজার করে । এসময় সে একটি পুত্র সন্তান জন্ম দেয়। সিজারের পর নবযাতকের অবস্থার অবনতি হলে যশোর আদদ্বীন হাসপাতালে রেফার্ড করা হয়। সেখানে ২দিন পর নবজাতকের মৃত্যু হয়। নবজাতকের মৃত্যুর ৪ দিন পর বুধবার সকালে ২-এর পাতায় দেখুন



# অন্তহীন অভিযোগের পাহাড়ে দাঁড়িয়ে পৌর মেয়র ফারুক

**হরিনাকুন্ডু (ঝিনাইদহ) প্রতিনিধি:** ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেনের বিরুদ্ধে দফায় দফায় বিভিন্ন অনিয়ম, অর্থ লোপাট ও স্বেচ্ছাচারিতাসহ নানা অভিযোগ উঠেছে। গত বছরের ২৬ সেপ্টেম্বর পৌরসভার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ফারুক হোসেনের বিরুদ্ধে অবৈধ নিয়োগ বানিজ্যসহ নানা অনিয়মের অভিযোগ তুলে ব্যানার, লিফলেট, ফেসটুন ও প্ল্যাকার্ড নিয়ে মানববন্ধন করেছিলেন। এবার তার দূর্নীতি নিয়ে মুখ খুললেন খোদ তার পৌরসভারই ৭ জন কাউন্সিলর। সম্প্রতি পৌরসভার ঐ ৭ জন কাউন্সিলর পৌর মেয়র ফারুক হোসেনের নানা অপকর্মে বিষয়ে সংবাদ সম্মেলনও করেছেন। আবু সাইদ রুনু ঐ ৭ কমিশনারের একজন। তিনি 'এই আমার দেশ' প্রতিবেদককে জানিয়েছেন পৌর মেয়র ফারুক হোসেনের বিভিন্ন অনিয়ম, অর্থ লোপাটের তথ্য। জানা ২-এর পাতায় দেখুন





১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh    e-paper.eaiamardesh.com    www.eaiamardesh.com

শুক্রবার ০৯ জুন ২০২৩

# ঝিনাইদহের ডাকবাংলা বাজার থেকে সবজি যাচ্ছে দেশের বিভিন্ন প্রান্তে



**সুমন আহম্মেদ :** ঝিনাইদহ সদর উপজেলার ডাকবাংলা বাজার অনেক পুরাতন একটি বাজার। ব্রিটিশদের থাকার জায়গা ডাক বাংলো থেকে ডাকবাংলা বাজারের উৎপত্তি। চাউলের জন্য বিখ্যাত হওয়াই এখান থেকে চাউল যাই সারা বাংলাদেশে। ঠিক একই ভাবে এখন সবজিও যাচ্ছে সারা বাংলাদেশ। ডাকবাংলা বাজার সপ্তাহে দুই দিন হাট বসে রবিবার ও বৃহস্পতিবার। এই দুই দিনে এই বাজার সবজি বেচতে আসে ডাকবাংলা বাজারের আশপাশ সহ অনেক দূর দুরান্ত থেকে। কারণ এখানে যেমন আমদানি হয় তেমনি ভাবে সবজি বাংলাদেশের বিভিন্ন প্রান্তে যাই। প্রতিদিন এ বাজারে ৫০ থেকে( সবজির সিজনের সময়) ১ কোটি টাকা পর্যন্ত সবজি কেনাবেচা হয়। এজন্য এই বাজারের খ্যাতি রয়েছে।

জয়নাল নামের একজনের সাথে কথা বলে জানা যায়, আমি এখান থেকে সবজি কিনি অনেক বছর ধরে এবং এখান থেকে বাংলাদেশের বিভিন্ন প্রান্তে এই সবজিগুলো বিক্রি করার উদ্দেশ্যে ট্রাক বোঝাই করে পাঠায়।

আরোকজন পাইকারি ক্রেতা মোঃ সুমন জানান, এখান থেকে আমরা সপ্তাহে দুইদিন সবজি কিনি এবং সেই সবজিগুলা ট্রাকে বোঝাই করে অনেক জায়গায় পাঠায়। আমরা সবজিগুলো কিনি সরাসরি যারা উৎপাদন করে এ কারণে কিছুটা কমে কেনা ২-এর পাতায় দেখুন



## মুজিবনগরে অনলাইন জুয়ার সাব এজেন্ট বিজয় গ্রেফতার

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর জেলায় ব্যাপকভাবে ছড়িয়ে পড়া অনলাইন জুয়ার বিরুদ্ধে পুলিশের অভিযান অব্যহত রয়েছে। যার অংশ হিসেবে বিজয় শেখ (২৫) নামের এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার বিকেলে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভেতর থেকে তাকে গ্রেফতার করে মুজিবনগর থানা পুলিশ। গ্রেফতার হওয়া বিজয় শেখ মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের মৃত শাহাদুল শেখের ছেলে। সে অনলাইন জুয়ার সাব এজেন্ট বলে জানিয়েছে পুলিশ। মুজিবনগর থানা সুত্রে জানা গেছে, অনলাইন জুয়ার সাব এজেন্ট বিজয় শেখের বিষয়ে মুজিবনগর থানা পুলিশ সতর্ক ছিল। বেশ কিছুদিন ধরেই তার খোঁজ খবর ও তার কর্মকাণ্ড পর্যবেক্ষণ করছিল পুলিশ। বেশ আগে থেকেই সে অনলাইন জুয়ায় জড়িয়ে পড়ে। সাব এজেন্ট হিসেবে জুয়ার টাকা লেনদেন করতো সে। গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে এয়ারগান দিয়ে পাখি শীকার, বন ও প্রাণী সংরক্ষক অধিদপ্তরের ঘটনাস্থল পরিদর্শন



**মহেশপুর প্রতিনিধি :** ঝিনাইদহের মহেশপুর উপজেলার ফতেপুর ইউপির কৃষ্ণচন্দপুর গ্রামের মৃত মিজানুর মাষ্টারের ছেলে মাজেদুল ইসলাম (সুমন) ৩৫ নামের এক পাখি শীকারি। গত ৪/৫ মাস যাবত এলাকাসহ বিভিন্ন স্থানে ইয়ারগান দিয়ে সকাল বিকাল ও সন্ধা রাতে একের পর এক বিভিন্ন প্রজাতির প্রাণী ও পাখি শিকার করে আসছিলো।

এঘটনায় বিভিন্ন সামাজিক ও গনমাধ্যমে প্রকাশ হওয়ায় বৃহস্পতিবার সকাল ১১টার দিকে বাংলাদেশ বন ও প্রাণী সংরক্ষন মহা-পরিচালক অধিদপ্তরের নির্দেশনায় মহেশপুর বন সংরক্ষকের পক্ষ থেকে স্বরেজমিন ঘটনাস্থল ২-এর পাতায় দেখুন

## গাংনীতে ফেনসিডিলসহ ১ জন আটক



**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনী উপজেলার সীমান্তবর্তি কাজীপুর গ্রাম থেকে ১৫ বোতল ফেনসিডিলসহ বিপ্লব হোসেন (৪১) নামের এক ব্যক্তিকে আটক করা হয়েছে। আটককৃত বিপ্লব কাজীপুর গ্রামের মধ্যেপাড়ার মৃত মোশাররফ হোসেনের ছেলে। বুধবার সন্ধ্যা পৌনে ৬টার দিকে কাজীপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ২-এর পাতায় দেখুন

## সড়ক দুর্ঘটনায় আহত কৃষ্ণ সাহার আর্থিক সহয়োগিতা

**নিজস্ব প্রতিবেদক :** মানবিক সেবাই বড় ধর্ম,আর এই ব্রত নিয়ে অসহায় দুস্থ মানুষের পাশে থেকে কাজ করে চলেছে সনাতন সেবক সংসদ গ্রুপ কালীগঞ্জ। বুধবার সন্ধ্যায় মানবিক সহায়তা নগদ অর্থ প্রদান করেন কৃষ্ণ সাহার (২৭) পরিবারের কাছে। কৃষ্ণ সাহা একটা কোম্পানির গাড়ী চালায় সড়ক দুর্ঘটনায় আহত হয়ে যশোরে সদর হাসপাতালে ভর্তি করলে ডাক্তার তার শরীরের অবস্থা দেখে উন্নতি চিকিৎসার ২-এর পাতায় দেখুন



## ক্যান্সার আক্রান্ত ও প্রবীন আওয়ামী লীগ নেতাকে আর্থিক সাহায্যে করলেন এ্যাড: আব্দুর রশীদ

**নিজস্ব প্রতিবেদক ঃ** ঝিনাইদহে আওয়ামী লীগ নেতা ও ক্যান্সার আক্রান্ত আব্দুস সবুর বিশ্বাসকে এবং অসুস্থ ও প্রবীন আওয়ামী লীগ নেতা কুমারেশ ঘোষকে আর্থিক সাহায্যে করলেন মানবিক নেতা এ্যাড: আব্দুর রশীদ। বৃহস্পতিবার ব্যক্তিগতভাবে টাকা দিয়ে আর্থিকভাবে সহযোগিতা করেন তিনি। ঝিনাইদহ সদর উপজেলা ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদায় ছাদ থেকে পড়ে বৃদ্ধার মৃত্যু

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার নাস্তিপুর গ্রামের জাহানারা বেগম (৭০) নামের এক বৃদ্ধা বাড়ির ছাদ থেকে পড়ে নিহত হয়েছেন। বৃহস্পতিবার ভোর সাড়ে ৪টার দিকে এ ঘটনা ঘটে। তিনি নাস্তিপুর পূর্বপাড়ার আব্দুল ওয়াহেদের স্ত্রী। পরিবার সূত্রে জানা যায়, জাহানারা বেগম অতিরিক্ত গরমের জন্য প্রতিদিন নিজ বাড়ির ছাদের উপর ঘুমায়। প্রতিদিনের মতো বুধবার রাতের ছাদে ঘুমান। বৃহস্পতিবার ভোরে নামাজ পড়ার জন্য ছাদ থেকে নিচে নামার সময় পা পিছলে নিচে পড়ে যান। বাড়ির লোকজন তাঁকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে নিয়ে ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুব রহমান জাতীয় ফুটবল টুর্ণামেন্টের উদ্বোধন



**মহেশপুর প্রতিনিধি :** ঝিনাইদহের মহেশপুর সরকারী পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয় মাঠে বৃহস্পতিবার বিকালে বঙ্গবন্ধু শেখ মুজিবুব রহমান জাতীয় ফুটবল টুর্ণামেন্টের (বালক অনুর্ধ ১৭) উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য আলহাজ্ব শফিকুল আজম খান চঞ্চল এ ফুটবল টুর্ণামেন্টের শুভ উদ্বোধন করেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুব রহমান জাতীয় ফুটবল টুর্ণামেন্টের (বালক অনুর্ধ ১৭) উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান হাসিনা খাতুন হেনা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দীনেশ চন্দ্র পাল,মান্দারবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমিনুর রহমান,আজমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহাজান আলী, ইসমাইল হোসেন, সাবেক ফুটবলার বলাই চন্দ্র প্রমুখ।



## বিদ্যুৎখাতে দূর্ণীতির প্রতিবাদে বিএনপির অবস্থান কর্মসূচি, স্মারকলিপি প্রদান ও বিক্ষোভ

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** দেশে অসহনীয় লোডশেডিং ও বিদ্যুৎখাতে ব্যাপক দূর্ণীতির প্রতিবাদে চুয়াডাঙ্গায় অবস্থান কর্মসূচি, স্মারকলিপি প্রদান ও বিক্ষোভ করেছে চুয়াডাঙ্গা জেলা বিএনপি। বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টায় ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড কার্যালয়ের সামনে এসব কর্মসূচি পালন করা হয়। বিএনপি নেতারা ২-এর পাতায় দেখুন

## ইবি শিক্ষককে মারধর হামলাকারীর বিচার দাবি



**মোতালেব বিশ্বাস, ইবি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে আল হাদীস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মুস্তাফিজুর রহমানের উপর হামলা ঘটনায় মানববন্ধন ও অবস্থান কর্মসূচি পালন করেছে শিক্ষার্থীরা। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে রাস্তা অবরোধ করে এই মানববন্ধন ও অবস্থান কর্মসূচি পালন করা হয়।

এছাড়া এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, শিক্ষক সমিতি ও রেজিস্ট্রার বরবার পৃথক তিনটি লিখিত অভিযোগ দিয়েছেন ভুক্তভোগী শিক্ষক।

জানা যায়, অগ্রণী ব্যাংক লিমিটেডের কুষ্টিয়া জেলার চৌড়হাস শাখার কর্মকর্তা সোহেল মাহমুদ নামের এক ব্যাংক কর্মকর্তার বিরুদ্ধে এ অভিযোগ ওঠেছে। গতকাল বুধবার কুষ্টিয়া হাউজিং আবাসিক এলাকায় এ ঘটনা ঘটে বলে জানা গেছে।

অভিযোগ পত্রে তিনি উল্লেখ করেন, আমি প্রতিদিনের মতো হাউজিং ডি-ব্লক এবং সিব্লকের মাঝামাঝি রাস্তায় হাটছিলাম। এমতাবস্থায় সি ব্লকের কুষ্টিয়া কৃষি কলেজের সামনে আসা মাত্রই হাউজিং ডি ব্লকের বাসিন্দা সোহেল মাহমুদ আমাকে দেখা মাত্রই আমার উপর অতর্কিত হামলা চালায় এবং শারীরিকভাবে আঘাত করে। বর্তমানে আমি ডাক্তারের তত্ত্বাবধানে বাসায় চিকিৎসাধীন ২-এর পাতায় দেখুন



## মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে বিক্ষোভ মিছিল

**মেহেরপুর প্রতিনিধিঃ** বিদ্যুৎ এর ভয়াবহ লোডশেডিং ও সীমাহীন দুর্নীতির প্রতিবাদে মেহেরপুর সদর উপজেলা বিএনপি'র বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সারাদেশে বিদ্যুৎ এর ভয়াবহ লোডশেডিং এবং বিদ্যুৎ খাতে সীমাহীন দূর্নীতির প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ মিছিল, অবস্থান কর্মসূচী ও মেহেরপুর বিদ্যুৎ অফিসের নির্বাহী প্রকৌশলী বরাবর স্মারক লিপি প্রদান করা ২-এর পাতায় দেখুন

## বেতন দিতে না পারায় ছেড়েছিলেন স্কুল ৬১ বছর পর সেই বেতন পরিশোধ



**নিজস্ব প্রতিবেদক :** অভাব অনটনের সংসার। দরিদ্র পিতা ঠিকমতো দিতে পারেননি লেখাপড়ার খরচ। ৪ মাস স্কুলের বেতন পরিশোধ করতে পারেন নি। সেই লজ্জায় আর যাননি স্কুলে। লেখাপড়া ছেড়ে শুরু করেন বাবার সাথে মাঠে কাজ করা। ৬১ বছর আগের স্কুলের সেই বকেয়া বেতন এখন পরিশোধ করলেন ঝিনাইদহের শৈলকুপা উপজেলার সোহরাব আলী। গত মঙ্গলবার বিদ্যালয়ে গিয়ে সেই বেতন পরিশোধ করেন তিনি।

জানা যায়, শৈলকুপা উপজেলার মহম্মদপুর গ্রামের সোহরাব আলী ছোটবেলায় পাশের গ্রামে বড়দা প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া করতেন। পঞ্চম শ্রেণী পাশ করে ১৯৬২ সালে বাড়ি থেকে তিন কিলোমিটার দূরে ফুলহরি ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে পানিতে ডুবে স্কুল ছাত্রের মৃত্যু

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর সদর উপজেলার কোলা গ্রামের একটি পুকুরের পানিতে ডুবে আলিফ মীর (১৪) নামের এক স্কুল ছাত্র মারা গেছে। স্কুল ছাত্র আলিফ সদর উপজেলার আমঝুপি মীর-পাড়ার মৃত আলমগীর মীরের ছেলে। এবং আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের ১০ শ্রেণীর ছাত্র। বৃহস্পতিবার দুপুর দেড়টার দিকে কোলা গ্রামে এ দুর্ঘটনা ঘটে। স্থানী-য়রা জানান আলিফ বৃহস্পতিবার দুপুরের দিকে পার্শ্ববতি কোলা গ্রামের একটি পুকুরে গোসল করতে নামে। পুকুরের পানিতে সাঁতার কাটার সময় অসাবধানবশত পানির নিচে তলিয়ে যায়। এসময় স্থানীয় লোকজন ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে বিএনপির বিক্ষোভ মিছিল

**মেহেরপুর প্রতিনিধিঃ** সারাদেশে বিদ্যুৎ এর ভয়াবহ লোডশেডিং এবং বিদ্যুৎ খাতে সীমাহীন দূর্নীতির প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ মিছিল ও মেহেরপুর বিদ্যুৎ অফিসের নির্বাহী প্রকৌশলী বরাবর স্মারকলিপি প্রদান করা হয়েছে। জেলা ২-এর পাতায় দেখুন

## আসন্ন কেসিসি নির্বাচনে জাতীয় পার্টির মনোনীত মেয়র প্রার্থী মোঃ শফিকুল ইসলাম মধুর নির্বাচনী ২২ দফা ইশতেহার ঘোষণা



**এম রোমানিয়া :** আগামী ১২ জুন খুলনা কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। আসন্ন নির্বাচনে ২২ দফা ইশতেহার ঘোষণা করলেন জাতীয় পার্টির মনোনীত মেয়র প্রার্থী মোঃ শফিকুল ইসলাম মধু। আজ বেলা ১২ টায় খুলনা প্রেস ক্লাব হুমায়ুন কবীর বালু মিলনায়তনে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে নির্বাচনী ইশতেহার ঘোষণা করেন।

নির্বাচনী ইশতেহার এর মধ্যে রয়েছে,, কেসিসি'র সকল কার্যক্রমের স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করা। কেসিসির এরিয়া বর্ধিতকরণ নিশ্চিত করা এবং বিশ্বরোডের সাথে শহরের একাধিক বাইপাস নির্মাণ নিশ্চিত করা, ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে জাতীয় পুষ্টি সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর জাতীয় পুষ্টি সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জাতীয় পুষ্টি সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে তত্ত্বাবধায়ক জমির মোহাম্মদ হাসিবুস ২-এর পাতায় দেখুন



## টঙ্গীর আলোচিত নারী মাদক কারবারি শিরিন আক্তার গ্রেফতার

**রায়হান মিয়া মৃধা :** গাজীপুরের টঙ্গীতে আলোচিত মাদক কারবারি শিরিন আক্তার কে ১১০ পিছ ইয়াবাসহ গ্রেফতার করেছে টঙ্গী পূর্ব থানা পুলিশ। গত বুধবার (৭ জুন) বিকেলে টঙ্গীর আরিচপুর মদিনাপাড়া থেকে গ্রেফতার করা হয় তাকে। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে টঙ্গী আরিচপুর থেকে ১১০ পিছ ইয়াবাসহ শিরিন কে গ্রেফতার করা হয়েছে। প্রাথমিক ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : *আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)* সম্পাদক ও প্রকাশক : *আলী কদর পলাশ*, ভারপ্রাপ্ত সম্পাদক : *তানভীর হাসান (জিসান হাই)*,ব্যবস্থাপনা সম্পাদক : *আশরাফুল আলম চঞ্চল*, নির্বাহী সম্পাদক : *তুহিন আরণ্য*
*সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ* কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। *ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।*। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ *বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮*




দৈনিক এই আমার দেশ
১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### সংসদ নির্বাচন আসন্ন

# বিদেশিদের দৌড়ঝাঁপ দুঃখজনক

আসন্ন সংসদ নির্বাচন নিয়ে বিদেশি কূটনীতিকরা দিন দিন তৎপর হয়ে উঠছেন। গতকাল ভোরের কাগজের খবরে প্রকাশ, ক'দিন ধরেই বাংলাদেশের রাজনীতি ও আসন্ন ভোট নিয়ে মার্কিন রাষ্ট্রদূত পিটার ডি হাস বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে সিরিজ বৈঠক করে যাচ্ছেন। এর মধ্যে তিনি জাতীয় পার্টি, বিএনপি ও সরকারের মন্ত্রীর সঙ্গে বৈঠক করেছেন। সবশেষ গত মঙ্গলবার প্রধানমন্ত্রীর উপদেষ্টা সালমান এফ রহমান, আইনমন্ত্রী আনিসুল হক এবং বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে পৃথক বৈঠক করেছেন পিটার ডি হাস। এই বৈঠকগুলো রাষ্ট্রদূতের বাসভবনে হয়েছে। নির্বাচন দেশের অভ্যন্তরীণ বিষয়। বিদেশি দূতদের আমাদের দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ দুঃখজনক। আমরাও সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভোটের পক্ষে। ইতোমধ্যে একটি নতুন স্বাধীন ও নিরপেক্ষ নির্বাচন কমিশন গঠিত হয়েছে। সেই নিরপেক্ষ নির্বাচন কমিশনের প্রতি সবার আস্থা থাকা প্রয়োজন। আগ বাড়িয়ে বিদেশি দূতদের মন্তব্য করা, মাথা ঘামানোর সুযোগ নেই। বাংলাদেশের রাজনীতিতে বিদেশি হস্তক্ষেপ পুরনো ঘটনা, বিশেষ করে বঙ্গবন্ধুকে হত্যার পর থেকে এ দেশের রাজনীতিতে যখন সামরিক বাহিনী অংশগ্রহণ শুরু করে তখন থেকেই বাংলাদেশ কী করবে, কীভাবে করবে- সব নির্দেশনাই আসতে থাকে বিদেশ থেকে। পাকিস্তান ও মধ্যপ্রাচ্যের দেশগুলো থেকে তখন রাজনীতির জন্য অর্থের জোগান হলেও রাজনীতি নিয়ন্ত্রিত হতো মূলত মার্কিন যুক্তরাষ্ট্র ও তার গোয়েন্দা তৎপরতার ভিত্তিতে। এমন হস্তক্ষেপের চিত্র কিছুটা পরিবর্তন হলেও কমছে বলা যাবে না। দেখা যাচ্ছে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচনী ব্যবস্থাপনা, নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষতা নিয়ে বিদেশি রাষ্ট্রদূতরা কিছুদিন ধরে মন্তব্য করে যাচ্ছেন। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এমন অবস্থার জন্য আমরা দায়ী। বিদেশিদের কথা বলার সুযোগ আমরা করে দিচ্ছি। এ দেশের রাজনীতিবিদরা যখনই সরকারের বাইরে থাকেন তখনই 'নালিশ' নিয়ে গিয়ে হাজির হন বিদেশিদের কাছে। এটা এখানকার রাজনৈতিক বাস্তবতা। রাষ্ট্রদূতদের দেশের অভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপ শিষ্টাচারবহির্ভূত একটি কাজ। তবে শিষ্টাচারবহির্ভূত কার্যক্রম পরিচালনার জন্য কূটনীতিকরা যেমন একদিকে দায়ী, ঠিক তেমনি বাংলাদেশের বিবদমান রাজনৈতিক দলগুলোর মধ্যে সহাবস্থান না থাকাও সমানভাবে দায়ী। আগামী নির্বাচন নিয়ে অন্য দেশের সহযোগিতা চেয়ে কার্যত সরকারকে বিব্রতকর অবস্থায় ফেলেছে বিএনপি। এমন অভিযোগ করছেন সরকারদলীয় একাধিক নেতা। আমাদের রাজনৈতিক অঙ্গনে অস্থিরতা নতুন নয় এবং সে অস্থিরতার ফলে বাইরের হস্তক্ষেপ হয়ে থাকে। এরশাদ সরকারের পতনের পর তথা ১৯৯০ সালের পর থেকে যত সরকারই এসেছে, এ দৃশ্য বারবার দেখা গেছে। সেই দৃশ্য এখন আবার দেখা যাচ্ছে। বাংলাদেশ এখন অনেক এগিয়েছে, অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে অনেক অগ্রগতি হয়েছে। তাই আমাদের নিজেদের নিজে সম্মান দেয়া দরকার। সমস্যা থাকবেই এবং তা নিজেদের মধ্যেই আলোচনা, প্রতিবাদের মাধ্যমে সমাধান করে নিতে হবে। দেশের অভ্যন্তরীণ বিষয়ে বদনাম করা বা নালিশ করার রাজনৈতিক পদ্ধতি থেকে সব রাজনৈতিক দল ও গোষ্ঠীগুলোর বেরিয়ে আসা দরকার। যাতে বিদেশিরা আমাদের অভ্যন্তরীণ বিষয় নিয়ে হস্তক্ষেপ করতে না পারে। গণতান্ত্রিক ব্যবস্থার প্রাতিষ্ঠানিকীকরণের জন্য প্রয়োজন সরকার এবং বিরোধী রাজনৈতিক দলগুলোর সহাবস্থান। নিজেদের ভুল, নিজেদের অপকর্ম এসবের দায় ও দায়িত্ব যেমন নিজেদের, তেমনই এসব শুধরানোর দায়িত্বও আমাদেরই।

## বেনাপোলে ট্রান্সপোর্ট আফিসে

সোহেল মাহমুদ এবং এলাকাবাসী ঘটনা স্থল থেকে জানান, রাত ৩ টার দিকে বিকট শব্দে আবাসিক এলাকার ভেতর একটি দোকানঘর ভাড়া নিয়ে ভারতীয় মাছের ট্রাকে থাকা ককসিটের ব্যবসা করতো স্থানীয় বৃত্তিআচড়া গ্রামের পিচ্চি লিটন। পাশাপাশি সে আলিফ ট্রান্সপোর্ট নামক প্রতিষ্ঠানের মাধ্যমে ট্রাক ও ট্রেইলারের ভাড়া ব্যবসা করতো। ট্রাক ও ট্রেইলারের বন্দবস্ত নিয়ে অন্যান্য ট্রান্সপোর্ট কোম্পানির সাথে লিটনের বিরোধ ছিলো। এ ছাড়া ভারত থেকে আমদানিকৃত মাছের ট্রাকে কর্কসিট এবং তুষের সিন্ডিকেট ব্যবসা ছিল লিটনের। লিটন ছিল সিন্ডিকেটের হোতা। এ নিয়ে অন্যান্য কর্কসিট ব্যবসায়ীদের সাথে তার বিরোধ ছিল। আধিপত্য বজায় রাখতে লিটন অফিস ঘরের মধ্যে বোমা রাখতে পারে বলে এলাকাবাসী জানান।
বেনাপোল পোর্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কামাল হোসেন ভুঁইয়া জানান, ঘরে রাখা শক্তিশালী বোমার বিস্ফোরণে ঘরের দেয়াল ধ্বসে পড়েছে এবং বাকি অংশ ফেটে গেছে। পুলিশ ঘটনাস্থল থেকে বোমার আলামত উদ্ধার করেছে। পিচ্চি লিটন কে তার গ্রামের বাড়িতে অভিযান চালিয়ে শক্তিশালী ৪টি হাতবোমা ও ৪ টি তাজা ককটেলসহ তাকে আটক করা হয়েছে।

## ঝিনাইদহে বিএনপি'র অবস্থান

সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।
সমাবেশে, সরকারের ব্যার্থতার কারণে বিদ্যুতের এই ভয়াবহ পরিস্থিতি উল্লেখ করে সরকারকে পদত্যাগ করার দাবী জানান। দ্রুত বিদ্যুতের সমস্যার সমাধান না হলে পরবর্তীতে কঠোর কর্মসূচির হুশিয়ারী দেন তারা।
সমাবেশ শেষে মিছিল যোগে বিদ্যুৎ অফিসে স্বারক লিপি দিতে গেলে তাতেও বাঁধা দেয় পুলিশ। পরে বিএনপির কয়েকজন প্রতিনিধি গিয়ে স্বারকলিপি প্রদাণ করে।

## স্মার্ট বাংলাদেশই সম্প্রীতির

উপপরিচালক হেলালউজ্জমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান এম হারুন অর রশিদ,স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক ইয়ারুল ইসলাম, জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা পিএএ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রাজিবুল ইসলাম খান, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আইসিটি কনসালটেন্ট এনামুল ইসলাম খান,বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, এবং অতিরিক্ত পুলিশ সুপার ( শৈলকুপা সার্কেল) অমিত কুমার বর্মণ।
বক্তব্য রাখেন অধ্যক্ষ মাওলানা বাহারুল ইসলাম, ঝিনাইদহ জামে মসজিদের খতিব মাওলানা সাইদুর রহমান,হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের ঝিনাইদহ জেলা সভাপতি নারায়ন চন্দ্র বিশ্বাস, ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক তপন কুমার রায়, সাধারণ সম্পাদক বিনয় কৃষ্ণ বিশ্বাস,জেম্স টোকন দাস,সুবাস বড়ুয়া,নরেন্দ্র শেখর,পালক জ্যাকব মল্লিক প্রমূখ।
ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতা বৃদ্ধিকরণ প্রকল্পের আয়োজনে অনুষ্ঠানের বাস্তবায়ন করেন ঝিনাইদহ জেলা প্রশাসন এবং ইসলামিক ফাউন্ডেশন।
কর্মশালায় জেলার বিভিন্ন সরকারী এবং বে সরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধান, ইমাম, ধর্মীয় সংগঠনের নেতা, পুরোহিত, সেবায়েত এবং সাংবাদিকবৃন্দ অংশ গ্রহন করেন। বক্তাগণ সাম্মপ্রদায়িক সম্প্রীতি রক্ষায় নিজ নিজ অবস্থানে কার্যকর ভূমিকা রাখার আহবান জানান।

## শৈলকুপায় মাদক বন্ধ করতে

ছিলেন শৈলকুপা উপজেলার সাবেক চেয়ারম্যান নায়েব আলী জোয়ার্দার, দুধসর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহাবুদ্দিন সাবু, ফুলহরি ইউনিয়নের চেয়ারম্যান আওলাদ হোসেন, ভাটইবাজার কমিটির সভাপতি বাদশা হেসেন সহ ১৪ ও ১৫ নং ইউনিয়ন পরিষদের মেম্বারগণ এবং দুধসর গ্রামের সাধারণ মানুষ। শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম বলেন, মাদক কারবারিদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা হলো। আজকের পর থেকে মাদকের বিরুদ্ধে আর কোন আপোষ নেই। মাদক বন্ধ করতে যা যা করার সব করা হবে। তিনি বলেন আগামী কাল থেকে যুব সমাজ মাঠে এসে খেলাধুলা করবে। যারা আসবে না তাদের বিরুদ্ধে তথ্য সংগ্রহ করা হবে। তিনি যুবক দের খেলাধুলার জন্য একটা ফুটবল প্রদান করেন।

## নির্বাচন এলেই বিএনপি ষড়যন্ত্র করে

মুক্তি সনদ ঐতিহাসিক ৬দফা দিবসের সমাবেশে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও সভাপতি মেহেরপুর জেলা আওয়ামীলীগ সরাসরি ঢাকা থেকে উপস্থিত হয়ে এই সভায় অংশ নেন।
মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেকের সঞ্চালনায় সভায় বক্তব্য দেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক ইব্রাহিম শাহিন, পিরোজপুর ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, বুড়িপোতা ইউপি চেয়ারম্যান শাহ জামাল, পৌর আওয়ামীলীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, ছাত্রলীগ সভাপতি বাধন সহ অনেকেই।

## আলমডাঙ্গায় শিক্ষককে পেটানোর

করে। মামলায় সামশাদ রানুর বিরুদ্ধে সরকারি কাজে বাধাদান ও মারধরের অভিযোগ আনা হয় বলে ওসি জানান।
ওসি বিপ্লব জানান, বৃহস্পতিবার রানুকে আদালতে হাজির করা হলে তার পক্ষে জামিনের আবেদন করা হয়। শুনানি শেষে আদালত আবেদন নাকচ করে তাকে জেল হাজতে পাঠানোর আদেশ দেয়। প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান অভিযোগ করেন, বুধবার সকাল সাড়ে ১০টার দিকে তিনি বিদ্যালয়ে আসার পরপরই আগে থেকে সেখানে থাকা সামশাদ রানু তাকে মারধর শুরু করেন। "তিনি আমার জামার কলার চেপে ধরে টানাহেঁচড়া করেন এবং শারীরিকভাবে লাঞ্ছিত করেন।"
অভিযোগ প্রসঙ্গে সামশাদ রানু বলেন, প্রখর তাপদাহের মধ্যে বিদ্যালয়ে আসা শিক্ষার্থীদের সকাল ৯টার পর থেকে মাঠে রোদের মধ্যে দাঁড় করিয়ে রাখা হয়। তাদের বসার জন্য শ্রেণিকক্ষ খুলে দেওয়া হয়নি। "আমি শ্রেণিকক্ষ খুলে দিতে বললে প্রধান শিক্ষক বলেন 'এ দায়িত্ব আমার না'; তিনি আমার সঙ্গে খারাপ আচরণ করেছেন।" বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন জানান, বুধবার বিদ্যালয়ে অষ্টম, নবম ও দশম শ্রেণির অর্ধবার্ষিক এবং ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বার্ষিক মূল্যায়ন পরীক্ষার দিন ছিল। মূল্যায়ন পরীক্ষা নিতে দেরি হচ্ছিল। ওই সময় অনেক শিক্ষার্থী মাঠে অপেক্ষায় ছিল।
এ ব্যাপারে জেলা কৃষক লীগের সভাপতি গোলাম ফারুক জোয়ার্দ্দার বলেন, সামশাদ রানু জেলা কৃষক লীগের মহিলা বিষয়ক সম্পাদক। দল তার ব্যক্তিগত কার্যকলাপের দায়ভার নেবে না।

## মহেশপুরে অসহায় নারীদের মাঝে

ইউপি চেয়ারম্যান আরিফন হাসান চৌধুরী নুথান, ফতেপুর ইউপিচেয়ারম্যান গোলাম হায়দার নান্টু,পান্তাপাড়া ইউপি চেয়ারম্যান মাজাহারুল ইসলাম স্বপন,স্বরুপপুর ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান,নেপা ইউপি চেয়ারম্যান সামছুল আলম মৃধা,শ্যামকুড় ইউপি চেয়ারম্যান জামিরুল ইসলাম,কাজিরবেড় ইউপি চেয়ারম্যান ইয়া নবী মিয়া,বাঁশবাড়ীয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টু, নাটিমা ইউপি চেয়ারম্যান আবুল কাশেম মাষ্টার,যাদবপুর ইউপি চেয়ারম্যান ডাঃ সালাউদ্দিন আহাম্মেদ,মান্দারবাড়ীয়া ইউপি চেয়ারম্যান আমিনুর রহমান প্রমুখ।

## দীর্ঘ ১৪ বছর পর আজ মহেশপুর

আওয়ামীলীগের ত্রী-বার্ষীক সম্মেলন অনুষ্ঠিত হয়। উপজেলা আওয়ামীলীগের ত্রী-বার্ষীক সম্মেলনের ৩ বছর পার হলেও আজ পর্যন্ত কমিটি আলোর মুখ দেখেনি। এভাবেই চলছে মহেশপুর উপজেলা আওয়ামীলীগ।
উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ জানান, উপজেলা আওয়ামীলীগের সম্মেলন কত বছর আগে হয়েছে তা আমি সঠিক ভাবে বলতে পারবোনা। তবে ১৪-১৫ বছর আগে হয়েছে। আর উপজেলা আওয়ামীলীগের সম্মেলন হওয়ার পরই আমরা জেলা আওয়ামীলীগের কাছে কমিটি জমা দিয়েছি। কিন্তু কি কারনে তা আজও আলোর মুখ দেখেনি তা আমার জানা নেই।

## গুচ্ছ ভর্তি পরীক্ষায় মেধা তালিকায়

পদ্ধতি ভর্তি পরীক্ষায় ঢাকা বিশ্ববিদ্যায়ে বানিজ্য বিভাগে সারাদেশের মধ্যে প্রথম হয়ে সুনাম অর্জন করেছে।
আশিকুজ্জামান প্রান্ত বলেন, আমার স্বপ্ন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর শিক্ষা অর্জন করে প্রশাসনের ক্যাডার শ্রেণির একজন কর্মকর্তা হিসেবে দেশ ও জনগনের সেবা করা। প্রতিদিন নিয়মিত ৮/১০ ঘন্টা লেখাপড়া করায় ইতিপূর্বে বিভিন্ন পরীক্ষায় সাফল্য অর্জন করা সম্ভব হয়েছে। তার অবসর সময়ও কাটে বিভিন্ন গল্পের এবং বিজ্ঞানভিত্তিক বই পড়ে। সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে সকলের নিকট দোয়া কামনা করেছেন আশিকুজ্জামান প্রান্ত।
আশিকুজ্জামান প্রান্ত'র চাচাতো ভাই শরিফুজ্জামান জানান, ভাইয়ের এই অর্জনে পরিবারের সকলেই খুবই খুশি। তাদের পরিবারে চারজন বিসিএস ক্যাডার রয়েছে। আগামীতে প্রান্ত যেন প্রশাসনের ক্যাডার হয়ে দেশ ও সমাজে কাজে আসতে পারে সেই কামনায় সকলের নিকট দোয়া চেয়েছেন।

## অন্তহীন অভিযোগের পাহাড়ে

যায়, সর্বশেষ পৌর নির্বাচনে ফারুক হোসেন নৌকা প্রতীক নিয়ে ৭ হাজার ৩' শ ৪৭ ভোট পেয়ে মেয়র নির্বাচিত হন। নৌকা প্রতীক নিয়ে নির্বাচনে জয়লাভ করলেও মেয়র ফারুক হোসেন সার্বক্ষনিক বিএনপির নেতাকর্মী দ্বারা পরিবেষ্টিত থাকেন ও তাদের সকল সুযোগ সুবিধা দিয়ে থাকেন বলে জানা যায়। এতে স্থানীয় ত্যাগি আওয়ামী লীগের সদস্যদেরও রয়েছে সীমাহীন ক্ষোভ।
জন্ম নিবন্ধনে অতিরিক্ত অর্থ আদায়, অবৈধ নিয়োগ বানিজ্য, টি আর, কাবিখা প্রকল্পে অনিয়মসহ পৌর কাউন্সিলদের বাদ রেখেই তিনি নিজের ইচ্ছামত রেজুলেশন করে বিভিন্ন কাজ করেন বলে জানান আবু সাইদ রুনু।
তিনি জানান, হরিণাকুণ্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেন জন্ম নিবন্ধনে সরকারী নির্দেশনা না মেনে ৫০ টাকার পরিবর্তে ৫০০ টাকা নিয়ে থাকেন। জন্ম নিবন্ধনে অতিরিক্ত ফি আদায় নিয়ে স্থানীয় পৌরবাসী মানববন্ধন করেছিল। পৌরসভার ৭ জন কাউন্সিলর বিষয়টি নিয়ে একাধিকবার প্রতিবাদও করেছিল। কিন্তু তাতে কোন লাভ হয়নি। কমেনি জন্ম নিবন্ধনের ফি। পৌরসভার একটি গার্বেজ ট্রাক অবৈধ ভাবে নিজের ইট ভাটায় ব্যবহার করে আসছেন বলে অভিযোগ করেন কাউন্সিলর রুনু।
যাতায়াতের জন্য পৌরসভার নিজস্ব একটি মোটরসাইকেল থাকা সত্ত্বেও মেয়র ফারুক হোসেন নিজস্ব একটি মোটরসাইকেলে চলাচল করেন এবং গাড়ির সমস্ত মেরামত খরচ পৌরসভার ফান্ড থেকে নেন বলে জানান কমিশনার রুনু। এছাড়া তার ব্যক্তিগত ও দলীয় প্রচার প্রচারনার ব্যবহৃত বিলবোর্ডের বিলও ভাউচার করে পৌরসভার ফান্ড থেকে লুটপাট করা হয়। পৌরসভার বিভিন্ন অর্থ বছরে টি আর, কাবিখা প্রকল্পের কাজের বিষয়ে কাউন্সিলরদের জানানো হয় না কোন তথ্য। তিনি নিজের মত করে ঐ সব প্রকল্পের বিল উত্তোলন করে নেন। কোন কাউন্সিল এসব কাজের প্রতিবাদ করতে গেলে হুমকী ধামকী দিয়ে তাকে সভা থেকে বের করে দেওয়া হয় বলে জানান কমিশনার রুনু।
এছাড়া ভিজিএফ এর চাল বিতরণে ব্যাপক অনিয়মের অভিযোগ তোলেন আবু সাইদ রুনু । তিনি জানান, কাউন্সিলরদের কাছ থেকে কোন তালিকা না নিয়ে তিনি নিজেই এই তালিকা তৈরী করেন এবং তালিকা ভূক্ত ব্যক্তিদের চাউল দেন। পৌরসভার বিভিন্ন নির্মান কাজেও পৌর মেয়র ফারুক হোসেনের একচ্ছত্র আধিপত্য রয়েছে। কোন টেন্ডারে বাইরের কোন ঠিকাদারকে তিনি অংশ গ্রহনের সুযোগ দেন না। ফারুক হোসেনের কাছের মানুষ বলে পরিচিত সিদ্দিকুর রহমানের লাইসেন্সে পৌরসভার যাবতীয় কাজ করা হয় বলে জানান তিনি। হরিণাকুণ্ডু পৌর মার্কেটের একটি বাথরুম ভেঙ্গে সেখানে দোকান ঘর করে তারই আস্হাভাজন সিদ্দিকুর রহমানকে ভাড়া দেওয়ার অভিযোগ রয়েছে এই মেয়রের বিরুদ্ধে। এইসব অনিয়ম ও স্বেচ্ছাচারিতার প্রতিকার চান বলে জানান কাউন্সিলর রুনু।
তবে বরাবরই এসব অভিযোগ অস্বীকার করেছেন পৌর মেয়র ফারুক হোসেন। তিনি বলেন, আমার নিকট থেকে অনৈতিক সুবিধা না পেয়ে কিছু কাউন্সিলর আমার বিরুদ্ধে কুৎসা রটনা করে বেড়াচ্ছে।

## মহেশপুরে সিজারের ২দিন পর

প্রসুতি মায়ের অবস্থার অবনতি হলে মহেশপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। ঐ দিন দুপুরে প্রসুতি মায়ের মৃত্যু হয়েছে। এনিয়ে পরিবারের লোকজন ও এলাকাবাসী ক্ষুদ্ধ হয়ে ক্লিনিক টি ভাংচুর করে। এঘটনার পর ক্লিনিকের মালিক হামিদুর রহমান গা ঢাকা দিয়েছে। বিষয়টি স্থানীয় ভাবে মিমাংসার চেষ্টা চলছে। ক্লিনিক মালিক হামিদুর রহমানের সাথে যোগাযোগের চেষ্টা করে তাকে পাওয়া যায়নি। মহেশপুর থানার অফিসার ইনচার্জ খন্দকার শামীম উদ্দীনের সাথে যোগাযোগ করলে তিনি বলেন ঘটনাটি শুনেছি কিন্তু কোন অভিযোগ পায়নি। মহেশপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মাহমুদ বিন হেদায়েতের সাথে যোগাযোগ করলে তিনি বলেন আমি খুনায় অফিসের কাজে অবস্থান করছি। এবিষয়ে ব্যবস্থা গ্রহন করা হবে।

## বেতন দিতে না পারায় ছেড়েছিলেন

মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হন। মাত্র ছয় মাস ক্লাস করেছিলেন। সেখানে ৪ মাসের স্কুলের বেতন বকেয়া থাকে তার। এরপর অভাবের কারণে আর স্কুলে যান নি তিনি। দীর্ঘ ৬১ বছর পর স্কুলের সেই বেতন পরিশোধ করেছেন তিনি। সোহরাব আলী বলেন, অভাবের কারণে লেখাপড়া ছেড়ে দিই। ১৯৬৮ সালে পুলিশ সদস্য হিসেবে চাকুরী শুরু করি। প্রশিক্ষণ শেষে যশোর পুলিশ লাইনসে কর্মরত থাকার সময় স্বল্প বেতনের কারণে তিনি চাকরি ছেড়ে দেন। বাড়ি এসে ব্যবসা শুরু করেন। জীবনের শেষ সময়ে এসে স্কুলের সেই বকেয়া বেতনের কথা মনে পড়ে যায়। ঋণী থাকতে চাই না তাই বেতনের হিসাব করে বর্তমান বাজারমুল্যে ৩০০ টাকা পরিশোধ করেছি।
বিদ্যালয়ের অফিস সহকারী হাদিকুর রহমানের কাছে বকেয়া বেতন দেন সোহরাব আলী। রসিদ কেটে সেই টাকা নিয়েছেন বলে জানালেন হাদিকুর রহমান।
ফুলহরি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক লক্ষ্মণ প্রসাদ সাহা বলেন, এই বিদ্যালয় ১৯২৯ সালে প্রতিষ্ঠিত। সোহরাব আলী ভর্তি হন ১৯৬২ সালে। তিনি বেতন দিতে যখন আসেন, তখন তিনি বিদ্যালয়ের কাজে বাইরে ছিলেন। ৬১ বছর পর বেতন পরিশোধ করতে আসায় উপস্থিত অন্য শিক্ষকেরা খুব খুশি হয়েছেন। জমা রসিদ দিয়ে তাঁর টাকাটা নেওয়া হয়েছে। তাঁর এই কাজে বিদ্যালয়ের শিক্ষার্থীরাও মুগ্ধ।

## মুজিবনগরে অনলাইন জুয়ার

থানা পুলিশ তাকে গ্রেফতার করতে সক্ষম হয়। অনলাইন জুয়ার মামলায় তাকে বৃহস্পতিবার মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে বলে জানিয়েছে পুলিশ।

## মহেশপুরে এয়ারগান দিয়ে পাখি

পরিদর্শন সহ তদন্ত করা হয়েছে। এব্যাপারে পরিদর্শক তদন্তকারী কর্মকর্তা মুবারক আলী জানান পাখি নিধনের বিষয়টি স্বরজমিনে তদন্ত করেছি এবং স্থানীয় জনগনের সাক্ষাতে জানতে পারি সুমন তাহার নিজস্ব ইয়ারগান দিয়ে অত্র-এলাকায় সকাল বিকাল ও সন্ধা রাত্রে মা বগ সহ বিভিন্ন প্রজাতির পাখি ইয়ার গান দিয়ে নীধন করে আসছে। তিনি আরো জানান সুমন আর কখনোই পাখি মারিবে না বলে একটি লিখিত অঙ্গিকার দিয়েছে। যাহা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রদান করা হবে।
উল্লেখ্য ঃ গত ৪ জুন সকালে পাখি শীকারী সুমন নিজ গ্রামে মৃত ফকিরচাঁদ, উরফান ও আতেহার মন্ডলের বাঁশঝাড় থেকে তার হাতের ইয়ারগান দিয়ে বেশ কয়েকটি মা বগকে গুলি করে মেরে ফেলাই বাসায় থাকা ঐ পাখির বাচ্চা গুলো তাহাদের মায়ের মুখের খাবার না পেয়ে অনাহারেই মৃত্যু বরণ করে। বিষয়টি নিয়ে এলাকার মানুষের মুখে মুখে ব্যাপক তোল পাড় সহ আলোচনার আসে পাখি শীকারী সুমন।

## ঝিনাইদহের ডাকবাংলা বাজার

যায় এবং একই সাথে অনেক সবজি একসাথে কিনে বিক্রি করার কারণে মোটামুটি ভালই লাভ হয়। তবে বেশ কয়েকজন ব্যবসায়ী অভিযোগ করেন, আগে এ বাজারের জায়গা অনেক বেশি ছিল যত দিন যাচ্ছে ততই জায়গা কমে আসছে। এ কারণে এখন আমাদের একটু সমস্যাই পড়তে হচ্ছে।

## সড়ক দুর্ঘটনায় আহত কৃষ্ণ সাহার

জন্য ঢাকায় পঙ্গু হাসপাতালে নিয়ে যাওয়ার কথা বলেন। তার চিকিৎসার জন্য সনাতন সেবক সংসদ কালিগঞ্জ সড়ক দুর্ঘটনায় আহত কৃষ্ণ সাহার পরিবারকে নগদ অর্থ সহায়তা দিয়েছে। মানুষের সেবাই সব চেয়ে গুরুত্বপূর্ণ। মানব ধর্মই বড় ধর্ম। তাই সব সময়ই ধর্ম-বর্ন নির্বিশেষে অসহায়, দারিদ্র মানুষের পাশে থাকার চেষ্টা করছে সনাতন সেবক সংসদ।এই পর্যন্ত সনাতন সেবক সংসদ এর গৃহীত পদক্ষেপ প্রকাশ বিশ্বাস এর কিডনী স্থাপনের জন্য ১ লক্ষ ৭০ হাজার ৩ শত ১০ টাকা অনুদান প্রদান।নিশ্চিন্তপুর নিবাসী কন্যাদায় গ্রস্থ পিতার আর্থিক সহযোগিতা প্রদান। পিতৃহীন কলেজ পড়ুয়া প্রতিবন্ধী প্রীতিলতার পড়াশোনার ভার গ্রহণ। কালীগঞ্জ পৌরসভাধীন নিশ্চিন্তপুর সর্বজনীন মহাশ্মশান এর জলের সমস্যা সমাধান কল্পে এক মহতী উদ্যোগ (সাবমার্সেল স্থাপন/ নিমজ্জনযোগ্য পাম্প) স্থাপনের উদ্যোগ গ্রহণ। নিশ্চিন্ত-পুর মহাশ্মশানের পাচিল নির্মান এর উদ্যোগ। নিশ্চিন্তপুর মহাশ্মশান এ বৃক্ষ রোপন কর্মসূচীর উদ্যোগ।চ২৬ টি বছরধরে ঝুপড়ি ঘরে পড়ে থাকা প্রতিবন্ধী ভাইবোন পরিবারের প্রধান বড় দাদা রিপন দাস এর কাছে ২৭ হাজার টাকা ব্যয়ে চার্জার ভ্যান এর ব্যাটারী প্রদান করা হয়। সড়ক দুর্ঘটনায় আহত কৃষ্ণ সাহার পরিবারকে ৭মে বুধবার সন্ধ্যায় সর্বজনীন কালীবাড়ীতে সনাতন সেবক সংসদ গ্রুপের সংগৃহীত ২৬ হাজার টাকা দেওয়া হয়।এই সময় উপস্থিত ছিলেন সনাতন সেবক সংসদের এডমিন দৈনিক আমাদের সময় পত্রিকা, দৈনিক পূর্বাঞ্চল পত্রিকা প্রতিনিধি ও সরকারি নলডাঙ্গা ভূষণ পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মানিক ঘোষ। সনাতন সেবক সংসদ গ্রুপ কালীগঞ্জের উপদেষ্টা মন্ডলী যশোর সরকারি সিটি কলেজের বাংলা বিভাগের অধ্যাপক বিকাশ চন্দ্র রায়। বীর মুক্তিযোদ্ধা সাবেক ব্যাংক কর্মকর্তা প্রভাত ব্যানার্জী,সর্বজনীন কালীবাড়ীর সহ-সভাপতি নিশিত বরণ সাহা বাবলু,সাধা-রন সম্পাদক নান্টু সাহা,সাবেক প্রায়মারী প্রধান শিক্ষক মহেন্দ্রনাথ রায়,উপজেলা প্রায়মারী স্কুল সমিতির সভাপতি ও প্রধান শিক্ষক জগদীশ অধিকারী,উপজেলা ভূমি অফিসের বড়বাবু যোগেন্দ্রনাথ,সুশান্ত বসু,প্রভাষক বিপ্লব বিষ্ণু,কালীবাড়ীর প্রচার সম্পাদক মৃনাল কান্তি রায় ও পল্লব মিত্র,সাংগঠনিক সম্পাদক ইন্দ্রজিত সাহা, সহকারি অধ্যাপক ব্রোজেন সরকার, বিশিষ্ট ব্যবসায়ীক উত্তম দাস,শান্তনু দাশ রাজু,খোকন দাস, গৌতম বসু, লক্ষণ ভৌমিক, রাজকুমার দাস,নিতাই সরকার, কালীবাড়ির পুরোহিত উত্তম চক্রবর্তী।

## গাংনীতে ফেনসিডিলসহ

অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেম সঙ্গীয় ফার্সে নিয়ে বিপ্লবকে আটক করেন। মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেম জানান, বুধবার সন্ধ্যায় কাজীপুর মধ্যেপাড়ার একটি পুকুরপাড়ে মাদক বিক্রির উদ্দেশ্যে বিপ্লব অবস্থান করছিল। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে ১৫ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়।

## বিদ্যুৎখাতে দূর্ণীতির প্রতিবাদে

ওজোপাডিকোর নির্বাহী প্রকৌশলী পলাশ কুমার ঘোষকে স্মারকলিপি প্রদান করেন। এর আগে ওজোপাডিকো কার্যালয়ের সামনে অবস্থান কর্মসূচিতে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা পৌর বিএনপির সভাপতি সিরাজুল ইসলাম মণি। এতে প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি নজরুল ইসলাম। এসময় বক্তব্য রাখেন জেলা বিএনপির সদস্য আবু বক্কব সিদ্দিক, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিপটন হোসেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম রোকন, আলমডাঙ্গা পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান প্রমুখ। পরে ওজোপাডিকো কার্যালয়ের সামনে বিক্ষোভ করে বিএনপি নেতাকর্মিরা।

## দামুড়হুদায় ছাদ থেকে পড়ে বৃদ্ধার

ভর্তি করে। পরে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। দর্শনা থানার এসআই তইফুর রহমান বলেন, এ বিষয়ে থানায় একটা অপমৃত্যু মামলা হয়েছে।

## ক্যান্সার আক্রান্ত ও প্রবীন আওয়ামী

পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড: আব্দুর রশীদ জানান, ৭৫ পরবর্তী অনেকে বিভিন্ন দলে চলে গেলেও সে সময় দুর্দিনে আমার সাথে আওয়ামী লীগে সক্রিয় কর্মী হিসেবে আন্দোলন সংগ্রাম করে গেছেন। কালের বিবর্তনে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর বিভিন্ন মহলে হাইব্রিড নেতা মিশে গিয়ে এই সকল কর্মীরা পড়ে গেছেন পিছনে। কিন্তু আমি তৃণমূল কর্মীদের মূল্যায়ন করতে ভুলেননি। চেয়ারে বসার পর থেকেই এভাবেই জানা-অজানার বাইরে এই ঝিনাইদহের সদরের সকল নিবেদিত কর্মীদের দেখবভাল করে চলে আসছি। এরই ধারাবাহিকতায় বিজয়পুরের **আব্দুস সবুর ও কুমারেশ ঘোষকে** আর্থিকভাবে সহযোগিতা করি। আগামীতে অন্যান্যদের পাশে থাকব বলে তিনি প্রতিশ্রুতি দেন।

## ইবি শিক্ষককে মারধর হামলাকারীর

আছি। এমতাবস্থায় আমি আমার পরিবার নিয়ে চরম নিরাপত্তাহীনতায় ভুগছি। ভুক্তভোগী অধ্যাপক মোস্তাফিজুর রহমান বলেন, 'বাড়ি নির্মাণ সংক্রান্ত বিভি-ন্ন বিষয় নিয়ে দীর্ঘদিন সোহেল আমাকে হুমকি দিয়ে আসছিল। সকালে হাঁটার সময় আমাকে একা পেয়ে মারধর করেছে। আমি শিক্ষক সমিতির নেতৃবৃন্দ ও প্রক্টরিয়াল বডিকে জানিয়েছি॥
এদিকে অভিযুক্ত ব্যাংক কর্মকর্তা সোহেলের গ্রেফতারের দাবিতে মানববন্ধন ও অবস্থান কর্মসূচি করেছে শিক্ষার্থীরা। আজ বৃহস্পতিবার সকাল ৯ টা হতে ১০ টা পর্যন্ত ঘন্টাব্যাপী এ কর্মসূচি পালন করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক বন্ধ করে দেয় শিক্ষার্থীরা।
আন্দোলনরত শিক্ষার্থীরা জানান,ওআমাদের শিক্ষককে একা পেয়ে এভাবে মারধর করেছেন। যা একটি জঘন্যতম ঘটনা। আমরা অনতিবিলম্বে ব্যাংক কর্মকর্তার গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি জানাচ্ছি॥
এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের আল হাদীস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের সভাপতি অধ্যাপক ড. মাকসুদুর রহমান বলেন,ওআমাদের সহকর্মী ড. মোস্তাফিজ এমন মারধরের ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই বিভাগের পক্ষ থেকে। আমরা বিষয়টির সমাধানের জন্য শিক্ষক নেতাদের সাথে নিয়মিত যোগাযোগ করছি॥

## মেহেরপুর জেলা বিএনপির সভাপতি

হয়। কর্মসূচীর নেতৃত্ব দেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন। পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম প্রমুখ। মাসুদ অরুণ বলেন- সরকার ডিজিটাল বাংলাদেশ, স্মার্ট বাংলাদেশের নামে দেশের টাকা লুটপাট করে আজ সোনার বাংলাকে তামা বানিয়ে ফেলেছে। সংকট, হাহাকার, মূল্যবৃদ্ধি, সরকারের একনায়কত্ব পরিস্থিতি দেশকে অকার্যকর করে দিয়েছে। যে দেশে মানুষের ভোটাধিকার, গনতন্ত্র, বাক স্বাধীনতা, আইনের শাসন থাকে না সেদেশে জনগণই ক্ষমতার প্রধান উৎস সংবিধানের এই কথাটি মিথ্যা হয়ে যায়। এক ব্যাক্তির এক রুখো মনোভাব, স্বৈরাচারীতা আজ দেশের ১৭ কোটি মানুষকে বিক্ষুব্ধ করে তুলেছে। তাই এই জুলুম সরকারের পতন ১৭ কোটি মানুষের জন্য জরুরী হয়ে দেখা দিয়েছে।

## খুলনায় চতুর্থ শিল্পবিপ্লব

তিনি সকলের প্রতি আহবান জানান।
কর্মশালায় মূলপ্রবন্ধ উপস্থাপন করেন খুলনা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি ডিসিপ্লিনের অধ্যাপক ড. রামেশ্বর দেবনাথ এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. পিন্টু চন্দ্র শীল।
অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন খুলনার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মুকুল কুমার মৈত্র ও খুলনা আঞ্চলিক তথ্য অফিসের সিনিয়র তথ্য অফিসার মোঃ মেহেদী হাসান। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), খুলনা কার্যালয়ের আঞ্চলিক পরিচালক শেখ মফিজুর রহমান কর্মশালায় সভাপতিত্ব করেন। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), খুলনা আঞ্চলিক কার্যালয় এ অনুষ্ঠানের আয়োজন করে। কর্মশালায় খুলনার বিভিন্ন স্কুল-কলেজের আইসিটি শিক্ষকবৃন্দ অংশ নেন।

## মেহেরপুরে জাতীয় পুষ্টি সপ্তাহ

সাত্তার, পিপি পল্লব ভট্টাচার্য, প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেষ রঞ্জন রায়, জেলা যুব উন্নয়ন অদিপ্তরের উপ-পরিচাল ফিরোজ আহমেদ, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর উপ পরিচালক নীলা হাফিয়া, মুজিবনগর উপজেলা সরকারি কমিশনার (ভূমি) ও ম্যাজিস্ট্রেট সাদাত আহমেদ, সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গোলাম রব্বানী, দেবাংশু বিশ্বাস, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, জেলা স্যানেটারি ইন্সপেক্টর জামাত আলি, সদর উপজেলার স্যানেটারি ইন্সপেক্টর তারিকুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

## আসন্ন কেসিসি নির্বাচনে জাতীয়

পেট্রোবাংলা,, খুলনা জেলা প্রশাশক মেট্রো মনে করে পরিকল্পিত নগরী হিসেবে গড়ে তোলা।
শহরের খালসহ ময়ূর নদী খনন কার্যক্রম করে ময়ূর নদর কেন্দ্রীক নগরীর অন্যতম বিনোদনের স্থান হিসাবে গড়ে তোলা,কেসিসি কে ডিজিটাল নগরী হিসাবে গড়ে তোলা,সেবা নিশ্চিত করা,স্বাস্থ্য সেবা নিশ্চিত করা, বেকারত্ব বেকারত্ব দূরীকরণ, শিক্ষাবৃত্তি মুক্তিযুদ্ধ গুনীজন সম্মাননা প্রদান নিশ্চিত করা,নারীর উন্নয়নে পদক্ষেপ গ্রহণ, নগরবাসী চলাচলের ব্যবস্থা আধুনিকায়ন করা, অগ্নিনির্বাপক ব্যবস্থা নিশ্চিত করা, বাঁশি সুপেয় পানির ব্যবস্থা নিশ্চিত করা, কসাইখানা স্থাপন করা টয়লেট স্থাপন ছাউনি গ্রীন সিটি ক্লিন সিটি স্থাপন কবরখানায় স্থাপন শ্মশান স্থাপন, বিনোদনের জন্য পার্ক, চিড়িয়াখানা, রিসোর্ট সেন্টার নির্মাণ করা, বেকারত্ব দূরীকরণ বিকাশ কেন্দ্র স্থাপনসহ ২২ দফা।

## মেহেরপুরে পানিতে ডুবে স্কুল

তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

## মেহেরপুরে বিএনপির বিক্ষোভ মিছিল

বিএনপির সহ-সভাপতি আলমগীর খান ছাতুর নেতৃত্বে স্মারকলিপি প্রদান করা হয়। স্মারকলিপি প্রদানকালে নেতৃবৃন্দরা বলেন, সরকার সবসময় বড় গলায় উদ্বৃত্ত বিদ্যুৎ এর কথা বলে এসেছে। পরিবেশ ও মানুষের অস্তিত্বের কথা বিবেচনা না করে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির নামে রামপাল কয়লা বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হয়েছে। তাহলে আজ কেন এতো অসহনীয় বিদ্যুৎ বিপর্যয়। আসলে এই সরকারের আমলে বিদ্যুৎ খাতে চলেছে দূর্নীতির মহা তেলেসমাতি। এসময় জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটন জেলা বিএনপির যুগ্ন সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল, জেলা যুবদলের সদস্য জেলা জিয়া মঞ্চের আহবায়ক এডভোকেট নজরুল ইসলাম, ব্যারিস্টার জাহাঙ্গীর আলম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মোঃ মনিরুল ইসলাম মনি জেলা জিয়া প্রজন্ম দলের সাধারণ সম্পাদক ইসমাইল হোসেনসহ দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## টঙ্গীর আলোচিত নারী মাদক

জিজ্ঞাসাবাদে জানা যায়, সে দীর্ঘদিন যাবৎ টঙ্গী গাজীপুর সহ পার্শ্ববর্তী অঞ্চলে মাদক ব্যবসা করে আসছিল। তার নামে একাধিক মাদক মামলা রয়েছে।
গাজীপুর মেট্রোপলিটন পুলিশের টঙ্গী পূর্ব থানার অফিসার ইনচার্জ মোঃ আশরাফুল ইসলাম জানায়, গ্রেপ্তারকৃত আসামির বিরুদ্ধে নিয়মিত আইনে মাদক মামলা দায়ের করে কোর্টে প্রেরণ করা হয়েছে।

## নিষেধাজ্ঞার জন্য নালিশ করতে করতে

আছে; এক বার নয়, দুই বার তাদের সঙ্গে সংলাপে বসেছি। রেজাল্ট কী?
ঐতিহাসিক ৬ দফা দিবস উপলক্ষ্যে গতকাল বৃহস্পতিবার বঙ্গবন্ধু এভিনিউতে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের সমাবেশে তিনি এ মন্তব্য করেন।কাদের বলেন, নিষেধাজ্ঞার জন্য নালিশ করতে করতে বিএনপি এখন নিজেরাই ফাঁদে পড়েছে। তারা নিজেরাই 'ফাঁদে পড়ে কান্দে'। এখন তারা নালিশ করে নিষেধাজ্ঞার পরিবর্তে পেয়েছে ভিসানীতি। এই ভিসানীতি নিয়ে ভয় পাওয়ার কিছু নেই। কাকে ভিসা দেবে, কাকে দেবে না, একটা সেই দেশের ব্যাপার। আমরাও আমাদের দেশে কাকে ভিসা দেব, কাকে দেব না, সেটাও আমাদের ব্যাপার। এ নিয়ে ভয় পাওয়ার কী আছে।
আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, ফখরুল সাহেবের জিহ্বায় পানি আসছে। মনে করছে আওয়ামী লীগ তাদেরকে সংলাপে ডাকবে। এই সংলাপের কথা আমরা ভাবছি না। নিরপেক্ষ কে? আপনার নেত্রী বলেছে শিশু এবং পাগল। শিশু এবং পাগল ছাড়া কেউ নিরপেক্ষ নয়। কাজেই আপনি শিশু এবং পাগলের মধ্যে তত্ত্বাবধায়ক সরকারের নিরপেক্ষ ব্যক্তি খুঁজে বের করুন। তারপর বোঝা যাবে কী হবে। আর এটা নিয়ে মাথা খারাপ করে কাজ নেই, এই তত্ত্বাবধায়ক আর আসবে না, তত্ত্বাবধায়ক মরে গেছে। এই মরা জিনিসকে আর জীবিত করার চেষ্টা করবেন না। তত্ত্বাবধায়ক সরকারকে আওয়ামী লীগ নিষিদ্ধ করেনি, এটা নিষিদ্ধ করেছেন দেশের সর্বোচ্চ আদালত।

## অস্ট্রেলিয়ার হাই কমিশনার জেরেমি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও দলটির বিদেশ বিষয়ক কমিটির প্রধান আমির খসরু মাহমুদ চৌধুরী ও সাংগঠনিক সম্পাদক শ্যামা ওবায়েদ উপস্থিত ছিলেন।
বিএনপির সূত্র জানায়, আগামী নির্বাচন পরিস্থিতি নিয়ে সার্বিকভাবে আলোচনা হয়েছে। তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনের ব্যাপারে বিএনপির অনড় অবস্থান ব্যক্ত করেছে।

## গুণগত শিল্পায়নের পথে দেশ দ্রুত

অব্যাহত রেখে আমরা অচিরেই শিল্পায়নের কাঙ্খিত গন্তব্যে পৌঁছে যেতে সক্ষম হব বলে আমি বিশ্বাস করি।'
প্রধানমন্ত্রী আগামীকাল 'বিশ্ব এক্রেডিটেশন দিবস' উপলক্ষ্যে গতকাল দেয়া এক বাণীতে এসব কথা বলেন। তিনি বলেন, বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশে 'বিশ্ব এক্রেডিটেশন দিবস ২০২৩' উদ্যাপন করা হচ্ছে জেনে তিনি আনন্দিত। এ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী বাংলাদেশ এক্রেডিটেশন বোর্ড (বিএবি) এর সকল অংশীজন এবং উন্নয়ন সহযোগী সংস্থাকে আন্তরিক শুভেচ্ছা জানান। দিবসটির এবারের প্রতিপাদ্য 'এক্রেডিটেশন : সাপোর্টিং দ্যা ফিউচার অব গে-বাল ট্রেড'- বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে সময়োপযোগী হয়েছে বলে তিনি মনে করেন।
শেখ হাসিনা বলেন, মুক্তবাজার অর্থনীতিতে বাণিজ্য সম্পর্ক আস্থার ভিত্তিতে গড়ে ওঠে। সরবরাহ শৃংখল এর প্রতি পর্যায়ে পণ্য ও সেবার গুণগত মান নিশ্চিতকরণের মাধ্যমে এ আস্থা অর্জিত হয়। এজন্য প্রয়োজন গুণগত মান ব্যবস্থাপনা, পরিমাপ, পরীক্ষণ এবং এক্রেডিটেশন এর সমন্বয়ে গঠিত একটি বিশ্বাসযোগ্য জাতীয় মান অবকাঠামো, যা বিশ্বব্যাপী বাণিজ্যে কারিগরি বাধা অপসারণের মাধ্যমে রপ্তানি বাণিজ্যকে গতিশীল এবং সহযোগিতার নতুন ক্ষেত্র সৃষ্টি করে। তিনি বলেন, 'চতুর্থ শিল্প বিপ্লবের এ যুগে আর্থ-সামাজিক অগ্রগতি, শিল্পায়ন, অর্থনৈতিক প্রবৃদ্ধি কিংবা প্রযুক্তিগত উৎকর্ষতা অর্জনের লক্ষ্যে বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশও প্রতিযোগিতার মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে। কাজেই জ্ঞানভিত্তিক শিল্পায়নের অভিযাত্রা জোরদার এবং ভবিষ্যৎ বাণিজ্য চ্যালেঞ্জ মোকাবিলার জন্য আমাদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।'
প্রধানমন্ত্রী বলেন, তিনি আশা করেন, বিএবি জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন, জাতীয় মান অবকাঠামো উন্নয়নের মাধ্যমে রপ্তানি বাণিজ্যে বাংলাদেশের অবস্থান সুসংহত এবং ভবিষ্যৎ বাণিজ্য চ্যালেঞ্জ মোকাবিলায় আগামী দিনেও ইতিবাচক অবদান রাখবে। তিনি 'বিশ্ব এক্রেডিটেশন দিবস ২০২৩'- এর সার্বিক সাফল্য কামনা করেন।

## জেলা প্রশাসকরা অর্পিত সম্পত্তি

বহাল থাকলো। রিট কারির আইনজীবী ওমর ফারুক বলছেন, তারা আপিল করবেন। ২০০১ সালে আওয়ামী লীগ অর্পিত সম্পত্তি আইন করলেও তা স্থগিত করে বিএনপি সরকার। পরে আবার ক্ষমতায় ফিরে তা পুনর্বহাল করে বর্তমান সরকার।

## ২০০ বছরের রেকর্ড ভেঙেছে

ছিল ৪৫.৪ ডিগ্রি সেলসিয়াস। প্রতিবেশী দেশ লাওস মে মাসে টানা দুদিন ৪৩.৫ ডিগ্রি সেলসিয়াসে শীর্ষে ছিল। অপরদিকে, ১ জুন ভিয়েতনামের ইতিহাসেও রেকর্ড ভেঙে তাপমাত্রা দাঁড়িয়েছিল ৪৩.৮ ডিগ্রি সেলসিয়াস। যা ভিয়েতনামের ইতিহাসে সবচেয়ে উষ্ণতম জুন দিনের রেকর্ড ভেঙেছে।
বিজ্ঞানীদের একটি আন্তর্জাতিক জোট বলেছে, এটি দুইশ বছরের তাপমাত্রার রেকর্ড ভেঙেছে। ওয়ার্ল্ড ওয়েদার অ্যাট্রিবিউশনের (ডব্লিউডব্লিউএ) সাম্প্রতিক প্রতিবেদনের মাধ্যমে এমনটি জানিয়েছেন তারা। মানবসৃষ্ট জলবায়ু পরিবর্তনের ফলেই এমনটি ঘটছে বলে মনে করছেন বিজ্ঞানীরা।
কোপার্নিকাস ক্লাইমেট চেঞ্জ সার্ভিস ডেটার সিএনএন বিশ্লেষণে জানা যায়, এপ্রিলের শুরু থেকে মে মাসের শেষ পর্যন্ত তাপমাত্রা প্রতি একক দিনে ৪০ ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি তাপমাত্রায় পৌঁছেছে। দক্ষিণ-পূর্ব এশিয়ার ছয়টি দেশেই এমনটি ঘটেছে।
এপ্রিল-মে তাপমাত্রা প্রবাহের ফলে হাসপাতালে ভর্তি হয় অনেক মানুষ। পরে স্কুল বন্ধ দিতেও বাধ্য হয় শিক্ষা প্রতিষ্ঠানগুলো। অধিক তাপমাত্রায় রাস্তার ক্ষয়ক্ষতিসহ আগুনও ছড়িয়ে পড়ে অনেক অঞ্চলে। অনেক মানুষ মারা গেলেও মৃতের সংখ্যা অজানাই রয়ে গেছে। তাপমাত্রা বাড়তে থাকলে বায়ুমন্ডল উষ্ণ হয়ে ওঠে। ফলে আর্দ্রতা ধরে রাখার ক্ষমতা বেশি হয়ে যায়। তাই আর্দ্র তাপ তরঙ্গের সম্ভাবনাও বৃদ্ধি পায়।
তাপমাত্রা বাড়ার সঙ্গে সঙ্গে আর্দ্র তাপ তরঙ্গও বেশি বেশি ঘটতে থাকে। জাতিসংঘের হিউম্যান ক্লাইমেট অনুমান করেছে, নির্গমন একই হারে বাড়তে থাকলে, পরবর্তী দুই দশকে তাপজনিত কারণে মৃতের সংখ্যা আরও বাড়তে পারে।
চরম তাপমাত্রার কশাঘাত সবচেয়ে বেশি আঘাত করে দরিদ্র ও দুর্বলদের। অসহনীয় তাপমাত্রা বৃদ্ধির ফলে রাস্তার বিক্রেতা, ড্রাইভার, কৃষক, শ্রমিক ও পরিচ্ছন্নতাকর্মীসহ সব সাধারণ মানুষ বেশি ক্ষয়ক্ষতির সম্মুখীন হন। বিপজ্জনক এ তাপমাত্রার প্রবাহ তাদের স্বাস্থ্যের ওপর ব্যাপক প্রভাব ফেলে। অধিক তাপমাত্রা হিটস্ট্রোকের অন্যতম কারণ। উচ্চ তাপমাত্রার প্রভাবে হৃদরোগ, ডায়াবেটিস, কিডনি সমস্যা ও গর্ভবতী ব্যক্তিদের জন্য জীবন আরও হুমকির হতে পারে। তাপ তরঙ্গের তীব্রতা শুধু স্বাস্থ্যের ওপর প্রভাব ফেলে না, পরিবেশ ও জীবিকাকেও হুমকির মুখে ফেলে দেয়।


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com






# মহেশপুরে সীমান্ত থেকে ১৬ পিচ স্বর্ণের বারসহ ১ জন আটক

**মো ঃ আজাদ মহেশপুর :** ঝিনাইদহের মহেশপুর সীমান্ত থেকে ১৬ পিচ স্বর্ণের বারসহ সেলিম হোসেন নামে এক স্বর্ণ চোরাকারবারীকে আটক করেছে ৫৮ বিজিবি। বৃহস্পতিবার সকালের দিকে উপজেলার যাদবপুর ইউপির পাতিলা ঈদগাহ এলাকা থেকে তাকে আটক করা হয়। বৃহস্পতিবার সন্ধ্যায় ই-মেইল বার্তায় ৫৮বিজিবির সহকারী পরিচালক সাইফুল ইসলাম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানান। সেলিম হোসেন মহেশপুর উপজেলার নেপা ইউপির বাঘাডাঙ্গা গ্রামের জাফর আলীর ছেলে।
৫৮বিজিবির সহকারী পরিচালক সাইফুল ইসলাম জানান, জীবননগর থানার পাতিলা সীমান্ত দিয়ে মোটরসাইকেল যোগে ভারতে স্বর্ণ পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে পাতিলা গ্রামের মাঠের মধ্যে অবস্থান করে বিজিবি। বিজিবি দেখে মোটরসাইকেল হতে রাস্তায় পরে যাওয়া সময় সেলিমকে আটক করে তারা। পরে তার কাছ থেকে উদ্ধার করা হয় ১ কোটি ৫৯ লক্ষ ৯৮ হাজার ৯শত ৫৮ টাকা মুল্যের ১৬ পিচ স্বর্ণের বার। স্বর্ণের বার শুল্ক কর ফাঁকি দিয়ে ভারতে পাচারের জন্য বহন করা হচ্ছিলবলে তিনি আরো জানান।




# 'তাকদির' নির্মিত হচ্ছে তেলুগু ভাষায়

*বিনোদন ডেস্ক :* চঞ্চল চৌধুরী অভিনীত আলোচিত ওয়েব সিরিজ 'তাকদির' দিয়ে এবার রিমেক হচ্ছে তেলুগু ভাষায়। লাশবাহী ফ্রিজার ভ্যানচালক তাকদির। একদিন হঠাৎ তার ভ্যানের ভেতর খুঁজে পায় এক নারীর মরদেহ। বুঝতে পারে না, এ লাশ তার ভ্যানের ভেতর কিভাবে এলো! এরপর থানা, পুলিশ, সাংবাদিক, হুমকি, ফোন- সব মিলিয়ে জটিল আকার ধারণ করে পরিস্থিতি। নিজেকে নির্দোষ প্রমাণের চেষ্টা চালিয়ে যেতে থাকে তাকদির। সৈয়দ আহমেদ শাওকী পরিচালিত আলোচিত ওয়েব সিরিজ 'তাকদির' ভারতের জনপ্রিয় স্ট্রিমিং প্ল্যাটফরম 'হইচই'য়ে মুক্তি পেয়েছিল ২০২০ সালে। এর মাধ্যমে ওটিটিতে বাংলাদেশি নির্মাতাদের কাজ নতুন করে আলোচনায় আসে। তিন বছর পর আবারও ফিরল তাকদির প্রসঙ্গ। সিরিজটি এবার তেলুগু ভাষায় রিমেক হচ্ছে। প্রযোজনা প্রতিষ্ঠান শ্রী ভেঙ্কটেশ ফিল্মস, যারা মূলত বাংলা সিনেমা-সিরিজ বানায়, তারা এবার পা রেখেছে তেলুগুতে। তাকদিরও তাদের প্রযোজনায় তৈরি হয়েছিল। 'দয়া' নামের ওয়েব সিরিজ দিয়ে এ প্রযোজনা প্রতিষ্ঠানের তেলুগুতে অভিষেক হচ্ছে।

# প্রভাসের ছবির দশ হাজার টিকেট দেয়া হচ্ছে বিনামূল্যে

*বিনোদন ডেস্ক :* প্রভাস ও কৃতী শ্যাননের 'আদিপুরুষ' মুক্তির আর বেশীদিন বাকি নেই। ছবিটিকে ঘিরে ভক্তদের উত্তেজনা চরমে। এর মাঝেই ছবির প্রযোজক জানিয়েছেন, বিনামূল্যে দশ হাজার টিকিট দেয়া হবে ছবিটির। ধর্মীয় বিশ্বাস থেকেই 'আদিপুরুষ'-এর প্রচারণার জন্য এই বিশেষ উদ্যোগ নিয়েছেন প্রযোজক। তেলেঙ্গানার অনাথ আশ্রম, সরকারি স্কুলের পড়ুয়া এবং বৃদ্ধাশ্রমের মানুষেরা বিনামূল্যে পাবেন 'আদিপুরুষ'-এর টিকিট। গত বুধবারই টুইটারে নিয়েই এই উদ্যোগের কথা ঘোষণা করেন প্রযোজক অভিষেক আগরওয়াল। অভিষেক তার টুইটে একটি গুগল লিংকে শেয়ার করেছেন। সেই লিংকে ক্লিক করলে ডাউনলোড হবে ফ্রি টিকিট। পরিচালক ওম রাউতের বিগ বাজেটের ছবি 'আদিপুরুষ'। রামের ভূমিকায় প্রভাস এবং সীতার চরিত্রে কৃতী অভিনয় করবেন। এই সিনেমার আরেকটি গুরুত্বপূর্ণ চরিত্র রাবণ। এই চরিত্রে দেখা যাবে সাইফ আলী খানকে।

# বলিউডে অভিষেকের আগেই বিপত্তি সুহানার

*বিনোদন ডেস্ক :* শিগগিরই বলিউডে পা রাখতে চলেছেন বলিউড-বাদশার কন্যা সুহানা খান। জোয়া আখতারের 'দ্য আর্চিজ' সিরিজের মাধ্যমে বলিউডে অভিনেত্রী হিসেবে আত্মপ্রকাশ করতে চলেছেন তিনি। তবে তার আগেই ঘটল বড়সড় বিপত্তি।



নাচতে গিয়ে উল্টে পড়ে গেলেন তিনি। পায়ে চোট পেয়ে প্রায় কান্নাকাটিই জুড়লেন সুহানা। সুপারস্টার বাবার মেয়ে হিসেবে নয়, নিজের দক্ষতায় বলিউডে প্রতিষ্ঠা পেতে চান সুহানা। তার জন্য কম পরিশ্রমও করছেন না তিনি। শরীরচর্চা থেকে শুরু করে অভিনয়ের প্রশিক্ষণ নেওয়া- কোনো কিছুতেই খামতি রাখছেন না শাহরুখ-কন্যা। এমনকি, ব্যালে প্রশিক্ষণ নেওয়াও শুরু করেছেন তিনি। ব্যালে অনেকটা পশ্চিমি দুনিয়ার শাস্ত্রীয় নাচের মতো। এই নাচের প্রশিক্ষণ যে বেশ কঠিন, তা বোঝা গিয়েছে একাধিক হলিউড ছবি দেখেই। কিন্তু নাছোড়বান্দা সুহানা, ওই নাচ শিখেই ছাড়বেন তিনি। যেমন বলা, তেমন কাজ! ব্যালে শেখা শুরু করলেন শাহরুখ-কন্যা। ওই নাচ করতে গিয়েই যত বিপত্তি। নাচের স্টুডিওতেই উল্টে পড়ে যান সুহানা। চোটও পান পায়ে। স্টুডিওর মেঝেতে বসেই কান্নাকাটি জুড়লেন শাহরুখ-কন্যা। ইনস্টাগ্রাম স্টোরিতে নিজের পায়ের ছবি পোস্টও করেছেন তিনি। সঙ্গে কান্নাকাটির ইমোজি। নাচ করতে গিয়ে পড়ে গিয়ে যে বেশ আঘাত পেয়েছেন তিনি, তা স্পষ্ট সেই ছবি থেকে। বলিউডে অভিনেত্রী হিসেবে আত্মপ্রকাশ করার আগেই নিজের ঝুলিতে এক বিশ্বখ্যাত প্রসাধনী সংস্থার চুক্তি ভরেছেন সুহানা খান।

# দিন শেষে সব দোষ মেয়েদের : অপু বিশ্বাস

**বিনোদন ডেস্ক :** ঢাকাই সিনেপাড়া ব্যক্তিগত জীবনচর্চার গন্ডিতে যেন আটকে পড়েছে। প্রায় প্রত্যেকদিনই ব্যক্তিগত জীবনের সমস্যা নিয়ে কোনো না কোনো তারকা সিনেপাড়ার আলাপে ঘি ঢালেন। চলচ্চিত্র শিল্পী সমিতির নির্বাচনকে ঘিরে ব্যক্তিগত বিতর্কচর্চার পরিসর বাড়তে থাকে। এই তালিকায় জায়েদ খান, নিপুণ, শাকিব খান, অপু বিশ্বাস, শবনম বুবলী, ওমর সানি, মৌসুমী, শরিফুল রাজ ও পরীমণি সবসময়েই শীর্ষস্থানে আছেন। এখন চর্চায় আছেন তারকা দম্পতি শরিফুল রাজ ও চিত্রনায়িকা পরীমণি। গত মাসের শেষ দিকে শরিফুল রাজের ফেসবুকে অভিনেত্রী সুনেরাহ বিনতে কামাল, তানজিন তিশা ও নাফিজা তুষির ব্যক্তিগত কিছু স্থিরচিত্র ও ভিডিও ছড়িয়ে পড়ে। এর পরেই বিতর্ক শুরু হয়। এক সপ্তাহের বেশি সময় ধরে চলা এই বিতর্কে গড়িয়েছে সংসারের ভাঙনের সুরের দিকে। এবার এই আলাপে শামিল হলেন চিত্রনায়িকা অপু বিশ্বাস। পরীকে ভুল না বোঝার আহ্বান জানিয়ে অপু বলেন, "পরীকে আমরা সাপোর্ট করি। আমরা যেন তাকে ভুল না বুঝি। প্রতিটি ভুলের পেছনে দুজনেরই দোষ থাকে। কিন্তু বেলা শেষে মেয়েদেরই দায়ী করা হয়।" অপুর কথায়, "প্রতিটি মেয়েকে তার নিজের জায়গা নিজেকেই তৈরি করে নিতে হয়। মেয়েদের ক্ষেত্রে যেটি হয়, আমি মেয়ে আমি কিছু বলতে পারব না, চুপ করে থাকব। সেখান থেকে বের হয়ে আসতে হবে।" পরীকে শক্তভাবে পরিস্থিতি সামলানোর পরামর্শ দিয়ে তিনি বলেন, "পরীমণি তুমি অনেক স্ট্রং। তুমি আরও ভালো কিছু করো, যেন তোমাকে দেখে আরও ১০ জন শিখতে পারে।"গিয়াসউদ্দিন সেলিমের "গুণিন" সিনেমার শুটিংয়ে চিত্রনায়ক শরিফুল রাজ ও চিত্রনায়িকা পরীমণির প্রথম দেখা। আর সেই সাক্ষাতের এক সপ্তাহের মাথায় ২০২১ সালের ১৭ অক্টোবর তারা গোপনে বিয়ে করেন। ২০২২ সালের ১০ জানুয়ারি সেই খবর প্রকাশ্যে আনেন তারা। একই দিনে সন্তান ধারণের বার্তাটিও দেন এ দম্পতি। এরপর ২২ জানুয়ারি তারা পারিবারিক আয়োজনে বিয়ে সারেন।




# গিলকে বিয়ের ইঙ্গিত দিলেন সারা

*বিনোদন ডেস্ক :* দুইজন চুটিয়ে প্রেম করেছেন বেশ কিছুদিন। কিন্তু তারপর ঘটে ছন্দপতন। দুই মেরুতে অবস্থান তারা। ভারতীয় ক্রিকেটার শুভমান গিল এরপর অন্য একজনের সঙ্গে প্রেমে জড়িয়ে পড়েন। এদিকে অভিনেত্রী সারাও তাকে ছেড়ে অন্য একজনের সঙ্গে প্রেম শুরু করেন। কিন্তু সারা আবারও শুভমান গিলকে বিয়ের ইঙ্গিত দিলেন এতে কি সারা দিবেন তিনি। কিন্তু দিন কয়েক আগে ভারতীয় ক্রিকেটার শুভমান গিলের বেহাল দশা দেখে উল্লাস করেছিলেন সারা। আইপিএল ফাইনালে শুভমানের দলের পরাজয়ে উচ্ছ্বসিত ছিলেন তিনি। এতে সবাই ধরে নিয়েছিল, সম্পর্কের সুতা ছিড়ে গেছে তাদের।কিন্তু কি কারণে আবারও সারা ফিরে আসছেন সে প্রশ্ন সবার। এবার সারার বক্তব্যে অন্য সুর। তিনি জানিয়েছেন, ক্রিকেটার বিয়ে করতে আপত্তি নেই তার। তবে কি শুভমানকেই বিয়ে করতে যাচ্ছেন সারা-ফের প্রশ্নটি উঁকি দিচ্ছে অনেকের মনে।

# কার সাথে প্রেমে মজেছেন শাকিরা?

*বিনোদন ডেস্ক :* দীর্ঘ দিন একাকী থাকার পর এবার নতুন করে প্রেমে পড়েছেন পপ সম্রাজ্ঞী শাকিরা। তিনি বলছেন পিকে এখন অতীত। নতুন নিয়ে তিনি বেশ ভালো আছেন। তিনি জানান, অতীত ভুলে ভবিষ্যতের পথে হাঁটাই এখন তার জীবনের একমাত্র লক্ষ্য। স্প্যানিশ ফুটবল তারকা জেরার্ড পিকে এখন অতীত। শোনা যাচ্ছে, নতুন সম্পর্কে জড়িয়েছেন পপ সম্রাজ্ঞী। সম্প্রতি চর্চিত প্রেমিকের সঙ্গে ক্যামেরাবন্দি হন শাকিরা। তার মতো তারকার সঙ্গে সম্পর্কে জড়ানোর অর্থ তিনি আলাদা করে প্রচারের আলোয় চলে আসবেন। কিন্তু মজার বিষয় শাকিরার সঙ্গে যাকে দেখা গেছে তিনিও নেহায়েত অখ্যাত কোনো ব্যক্তি নন। কে সেই সৌভাগ্যবান পুরুষ? শাকিরার যে ছবি আপাতত নেটদুনিয়ায় ছড়িয়ে পড়েছে, সেখানে কলম্বিয়ান পপ তারকার পাশে দেখা গিয়েছে বিশ্বখ্যাত ফর্মুলা ওয়ান ব্যক্তিত্ব লুইস হ্যামিল্টনকে! মায়ামিতে ফর্মুলা ওয়ান রেসে অংশ নেন লুইস। রেসের শেষে শাকিরার সঙ্গে ডিনার করতে দেখা যায় তাকে। তবে শুধু একবার নয়, সাম্প্রতিক অতীতে কয়েক বার লুইসের সঙ্গে তাকে দেখা গেছে। যেমন স্প্যানিশ গ্রাঁ প্রিতে দ্বিতীয় স্থানে রেস শেষ করেন লুইস।
সেই সাফল্য উদযাপনে বন্ধুদের তরফে বিশেষ পার্টির আয়োজন করা হয়। সেখানেও লুইসের পাশে ছিলেন শাকিরা। গত মাসে মায়ামিতে লুইসের সঙ্গে প্রমোদতরীতে সময় কাটাতেও দেখা গিয়েছে শাকিরাকে। ২০১১ সালে পিকের সঙ্গে সম্পর্কে জড়ান শাকিরা। কিন্তু পরবর্তীকালে তার বিরুদ্ধে সম্পর্কে প্রতারণার অভিযোগ আনেন 'ওয়াকা ওয়াকা'র গায়িকা। গত বছর জুন মাসে শাকিরা ও পিকে তাদের সম্পর্কে ইতি টানেন। চলতি বছরেই ক্লারা চিয়া মার্টি নামের এক প্রচার সহায়কের সঙ্গে সম্পর্কে জড়ান পিকে।




# নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি বিধি মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের স্কুল ও কলেজ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ অনুসারে বাড়িবাঁকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়। ডাকঃ গোভীপুর। উপজেলা ও জেলা মেহেরপুর এর জন্য শূন্য পদে ১জন নিরাপত্তা কর্মী ও ১জন পরিচ্ছন্ন কর্মী নিয়োগ করা হবে। প্রয়োজনীয় কাগজপত্র সহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে ৭০০ টাকার ব্যাংক ড্রাফ (অফেরতযোগ্য) সহ প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে।

**প্রধান শিক্ষক।**


# আফগানিস্তানে মসজিদে বিস্ফোরণ, নিহত ১৬

**আন্তর্জাতিক ডেস্ক :** আফগানিস্তানের একটি মসজিদে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এতে ১৬ জন নিহত এবং ৫০ জনেরও বেশি আহত হওয়ার খবর পাওয়া গেছে। বাদাখশান প্রদেশের ফৈজাবাদে গতকাল বৃহস্পতিবার সকালে বিস্ফোরণটি ঘটে। স্পুৎনিক টেলিগ্রাম চ্যানেলের খবরে বলা হয়েছে, বাদাখশান প্রদেশের তালেবান ডেপুটি গভর্নরের স্মরণে আয়োজনকে লক্ষ্য করে এই বিস্ফোরণটি ঘটানো হয়েছে।


# কালবেলা পত্রিকায় প্রকাশিত সংবাদের প্রতিবাদ

ভূমিকা ঃ গত ০৪/০৬/২৩ তারিখে সুনামধন্য বহুল প্রচলিত " দৈনিক কালবেলা" পত্রিকায় প্রকাশিত "চাকুরি ছাড়লেই মামলা মিনিস্টার- মাইওয়ানে"সংবাদের প্রতিবাদে মিনিস্টার মাইওয়ান গ্রুপের বক্তব্য নিম্নরুপঃ
বহুল প্রচলিত স্বনামধন্য " দৈনিক কালবেলা" পত্রিকায় গত ইং ০৪/০৬/২৩ তারিখে প্রকাশিত "চাকুরি ছাড়লেই মামলা মিনিস্টার মাইওয়ানে" শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয় যা সম্পূণরুপে ভিত্তিহীন এবং কোন যাচাই-বাচাই ছাড়াই প্রকাশিত হয়েছে যা অত্যন্ত দুঃখজনক। এমন সংবাদ প্রকাশিত হওয়ার কারণে আমাদের স্বনামধন্য কোম্পানির ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ন হয়েছে। আমরা এই সংবাদ প্রকাশের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। সেই সাথে ভবিষতে যেন এ ধরণের সংবাদ যাচাই বাছাই ছাড়া প্রকাশিত না হয় সেজন্য সংবাদপত্রটির সম্পাদক মহোদয়কে আরও সতর্ক থাকার অনুরোধ করছি।
প্রসঙ্গত, গত ০৪/০৬/২৩ তারিখে " দৈনিক কালবেলা" পত্রিকায় সংবাদটি প্রকাশিত হওয়ার পর মিনিস্টার গ্রুপের কর্তৃপক্ষের নিকট দৃষ্টিগোচর হলে মিনিস্টার কর্তৃপক্ষ কালবেলার সম্পাদক এর সাথে যোগাযোগ করে দীর্ঘ আলাপচারিতার মাধ্যমে উক্ত ব্যক্তিদের বিরুদ্ধে আনিত অভিযোগের তথ্য ও নথিপত্র তুলে ধরা হলে সম্পাদক মহোদয় সবকিছু শুনে ও পর্যবেক্ষণ করে প্রকাশিত সংবাদ এর জন্য দুঃখ প্রকাশ করেন।
উল্লেখ্য, হাজার হাজার কর্মী নিয়ে 'মিনিস্টার-মাইওয়ান গ্রুপের' পরিবার। 'মিনিস্টার-মাইওয়ান গ্রুপ' দক্ষ ও অভিজ্ঞ কর্মী গড়ার কারখানা যা দেশজুড়ে সমাদৃত। এসকল দক্ষ ও অভিজ্ঞ সদস্য নিয়ে সুদীর্ঘ ২১ বছরের পথ পরিক্রমায় দেশবাসীর অকৃত্রিম ভালবাসা ও নিরঙ্কুষ সমর্থন নিয়ে গ্রুপটি গ্রাহকদের নিকট পণ্যের সর্বোচ্চ গুণগতমান নিশ্চিত ও পরিবেশ বান্ধব ইলেকট্রনিক্স পণ্য পৌঁছে দিয়ে আজকের এ পর্যায়ে এসেছে। এছাড়াও গ্রুপটি তার প্রতিটি কর্মকর্তা কর্মচারীকে কোম্পানির ভিত্তি হিসেবে পরিগণিত করে। তাদের সুখে-দুখে, বিপদে-আপদে এবং যেকোন প্রয়োজনে সর্বদা তাদের পাশে থাকতে দৃঢ় প্রতিজ্ঞ। কর্তৃপক্ষ কখনো তার পরিবারের সদস্যদের প্রতি কোনরূপ জুলুম-অত্যাচার করে না। 'মিনিস্টার মাইওয়ান গ্রুপ' তার নীতি অনুযায়ী জন্মলগ্ন থেকেই দুর্নীতির বিরুদ্ধে সোচ্চার ও জিরো টলারেন্স নীতিতে বিশ্বাসী ছিলো, আছে এবং থাকবে। দুর্নীতিগ্রস্থ কর্মকর্তা / কর্মচারী সে যত বড়ই হোকনা কেন, তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনে ব্যবস্থা গ্রহণ করা কোম্পানিটি নৈতিক দায়িত্ব হিসেবে বিবেচনা করে। 'মিনিস্টার মাইওয়ান গ্রুপ' কর্মচারীদের চাকুরিতে যোগদানের সময় কখনো কোন চেক নেয়না। তবে আর্থিক অনিয়ম ও দুর্নীতির বিষয়টি কোম্পানির অডিট টিমের নজরে আসলে কোম্পানির বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে থাকে।
গত ২১ বছরের মধ্যে দুর্নীতির দায় ছাড়া কোম্পানি কোন কর্মকতা-কর্মচারীর বিরুদ্ধে মামলা করা হয়েছে এমন নজীর নেই। 'দৈনিক কালবেলা' পত্রিকায় উক্ত সাংবাদে যেসকল ব্যক্তিদের কথা উল্লেখ করা হয়েছে তারা সকলেই তাদের চাকুরি চলাকালীন সময়ে ব্যাপক দুর্নীতির সাথে জড়িত ছিল এবং বিপুল পরিমাণ কোম্পানির টাকা আত্মসাৎ করে কোম্পানির ব্যাপক আর্থিক ক্ষতি সাধন করেছে। আত্মসাৎকৃত টাকা উদ্ধারে কোম্পানি বিভিন্নভাবে চেষ্টা করেও টাকা উদ্ধারে সক্ষম না হওয়ায় অনন্যপায় হয়ে কোম্পানি তাদের বিরুদ্ধে মামলা করেছে। যার বিবরণ নিম্নে দেয়া হলো।
১। (ক) আনিছুজ্জামান (আনিছ), ময়মনসিংহ সদর শো-রুমে সহকারী ম্যানেজার হিসেবে কর্মরত থাকাকালে উক্ত শো-রুমের বিভিন্ন ইলেক্ট্রনিক্স পণ্যের বিক্রয়কৃত টাকা কোম্পানির ব্যাংক হিসাবে জমা না দিয়ে পূর্ব পরিকল্পনা অনুযায়ী অত্যন্ত সু-কৌশলে বিভিন্ন সময়ে ১৮,৫২,০৮৮.৭৬ টাকা আত্মসাৎ করেছে।
(খ) প্রবীর বসাক, ময়মনসিংহ সদর শো-রুমে ম্যানেজার হিসেবে কর্মরত থাকাকালে উক্ত শো-রুমের বিভিন্ন ইলেক্ট্রনিক্স পণ্যের বিক্রয়কৃত টাকা কোম্পানির ব্যাংক হিসাবে জমা না দিয়ে পূর্ব পরিকল্পনা অনুযায়ী অত্যন্ত সু-কৌশলে বিভিন্ন সময়ে ১,৭৩,৭৮৯.৯০ টাকা আত্মসাৎ করেছে।
সে কারণে উক্ত দুই জনের বিরুদ্ধে ময়মনসিংহ কোতয়ালী মডেল থানায় মামলা নং-২৫ তারিখ ৮/৩/২৩ ধারা-৪০৮ পিসি, রুজু হয়েছে।
৩। ইব্রাহিম খলিল, সখিপুর শো-রুমে (টাঙ্গাইল) ম্যানেজার হিসেবে কর্মরত থাকাকালে উক্ত শো-রুরেম বিভিন্ন ইলেক্ট্রনিক্স পণ্যের বিক্রয়কৃত টাকা কোম্পানির ব্যাংক হিসাবে জমা না দিয়ে পূর্ব পরিকল্পনা অনুযায়ী অত্যন্ত সু-কৌশলে বিভিন্ন সময়ে ১০,০০,০০০ টাকা আত্মসাৎ করলে তার বিরুদ্ধে সি আর মামলা নং-৪৩৩/২৩ রুজু হয়েছে।
৪। সোনা মিয়া, ভূয়াপুর শো-রুম (টাঙ্গাইল) এ ম্যানেজার, হিসেবে কর্মরত থাকাকালে উক্ত শো-রুমের বিভিন্ন ইলেক্ট্রনিক্স পণ্যের বিক্রয়কৃত টাকা কোম্পানির ব্যাংক হিসাবে জমা না দিয়ে পূর্ব পরিকল্পনা অনুযায়ী অত্যন্ত সু-কৌশলে বিভিন্ন সময়ে ১৫,০০,০০০ টাকা আত্মসাৎ করেছে। তার বিরুদ্ধে সি আর মামলা নং-৪২৯/২৩ রুজু হয়েছে।
৫। রায়হান রেবু, ময়মনসিংহে মার্কেটিং ম্যানেজার হিসেবে কর্মরত থাকাকালে বিভিন্ন ডিলারদের নিকট থেকে পূর্ব পরিকল্পনা অনুযায়ী অত্যন্ত সু-কৌশলে বিভিন্ন সময়ে ৪,০০০,০০০০ টাকা নিয়ে আত্মসাৎ করেছে। আত্মসাৎকৃত টাকা পরিশোধের জন্য তাকে বিভিন্নভাবে সুযোগ দেয়ার পরও তিনি কোম্পানির টাকা পরিশোধ না করায় তার বিরুদ্ধে সি আর মামলা নং-২৫৫/২০, দায়রা মামলা নং-১৫৫৯১/২১ রুজু হয়।
আশা করি প্রকাশিত উক্ত সংবাদে কেউ বিভ্রান্ত হবেন না। মিনিস্টার-মাইওয়ান গ্রুপের সাথে থাকার জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।


## বিনোদন



# আমাজনে বনউজাড় ৩১ শতাংশ কমেছে

*আন্তর্জাতিক ডেস্ক :* ব্রাজিলে প্রেসিডেন্ট লুইজ ইনাসিও লুলা ডি সিলভার পাঁচ মাসের শাসনকালে গত বছরের একই সময়ের তুলনায় আমাজনে বনউজাড় ৩১ শতাংশ কমেছে। কর্মকর্তারা গত বুধবার এ কথা জানান। জাতীয় মহাকাশ সংস্থার ডিটার সার্ভিলেন্স কর্মসূচি বলছে, স্যাটেলাইট পর্যবেক্ষণে দেখা গেছে জানুয়ারি থেকে মে মাস পর্যন্ত এক হাজার ৯৮৬ বর্গ কিলোমিটার বনভূমি ধ্বংস হয়েছে। গত বছর একই সময়ে এর পরিমাণ ছিল দুই হাজার ৮৬৭ বর্গকিলোমিটার। পরিবেশবিদদের জন্যে একে একটি সুখবর হিসেবেই বিবেচনা করা হচ্ছে। কারণ দেশটির সাবেক কট্টর ডানপন্থী প্রেসিডেন্ট জইর বলসনানোর সময়ে আমাজন বন ব্যাপকহারে উড়াড় হতে থাকে। বামপন্থী প্রেসিডেন্ট লুলা ১ জানুয়ারি ক্ষমতায় এসে আমাজন রক্ষায় দৃঢ় অঙ্গীকারের ঘোষণা দেন। এ ছাড়া সোমবার বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বনউজাড় প্রতিরোধে তিনি নতুন পরিকল্পনার ঘোষণা দিয়েছেন। তিনি বলেছেন, আমাদের গ্রহের জলবায়ুর ভারসাম্য রক্ষায় ব্রাজিল বড় ধরনের ভূমিকা পালন করছে। আমাজনকে অনেক ধন্যবাদ। তিনি আরও বলেন, আমাজন ধ্বংস রোধের মাধ্যমে বিশ্বের উষ্ণতাও কমানো সম্ভব। তবে বিশেষজ্ঞরা বলছেন, নতুন সরকারের আসল পরীক্ষা সামনের মাসগুলোতে শুরু হবে। কারণ জুলাইয়ে শুষ্ক আবহাওয়া শুরু হয়। আর এ সময়টি সাধারণত বন উজাড় ও দাবানলের সর্বোচ্চ মৌসুম।



# সৌদি আরবে দূতাবাস খুলল ইরান

*আন্তর্জাতিক ডেস্ক :* দুই আঞ্চলিক প্রতিদ্বন্দ্বী সাড়ে সাত বছরের বিরতিতে কূটনৈতিক সম্পর্ক পুনরুদ্ধারের কয়েক মাস পর সৌদি আরবে ইরান তাদের দূতাবাস পুনরায় চালু করেছে। ইরানের সরকারি বার্তা সংস্থা ইরনা বুধবার জানিয়েছে, কয়েকজন ইরানি ও সৌদি কর্মকর্তার উপস্থিতিতে কূটনৈতিক মিশনটি পুনরায় চালু করা হয়েছে। উপপররাষ্ট্রমন্ত্রী আলী রেজা বেকদলির অংশগ্রহণে মঙ্গলবার ইরান আনুষ্ঠানিকভাবে রাজধানী রিয়াদে তাদের দূতাবাস চালু করে। সেই সঙ্গে দেশটিতে অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশনের (ওআইসি) স্থায়ী প্রতিনিধি অফিস আবারও খুলেছে ইরান। গত মাসের শেষের দিকেই ইরান জ্যেষ্ঠ কূটনীতিক আলিরেজা এনায়াতিকে সৌদি আরবে তাদের নতুন রাষ্ট্রদূত নিয়োগ করেছে। ইরাক ও ওমানের মধ্যস্থতায় দুই বছরের ম্যারাথন আলোচনার পর মার্চ মাসে এ দুই পারস্য উপসাগরীয় প্রতিবেশী সম্পর্ক পুনরুজ্জীবিত করতে সম্মত হয়।

# আত্মহত্যা নিষিদ্ধ করল উত্তর কোরিয়া

*আন্তর্জাতিক ডেস্ক :* আত্মহত্যা নিষিদ্ধ করেছেন উত্তর কোরিয়ার শীর্ষ নেতা কিম জন উন। এক 'গোপন আদেশে' আত্মহত্যাকে সমাজতন্ত্রের বিরুদ্ধে বিশ্বাসঘাতকতা হিসেবে আখ্যায়িত করা হয়েছে।
সেখানে স্থানীয় সরকারকে আত্মহত্যা কমাতে উদ্যোগ নেওয়ার কথা বলা হয়েছে। যুক্তরাজ্যভিত্তিক গণমাধ্যম দ্য মিররের বরাতে গত বুধবার এ তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদ মাধ্যম হিন্দুস্তান টাইমস।
প্রতিবেদনে বলা হয়েছে, ক্রমবর্ধমান অর্থনৈতিক সঙ্কটের সঙ্গে সঙ্গে উত্তর কোরিয়ায় বেড়েছে আত্মহত্যার সংখ্যাও। গত বছরের তুলনায় চলতি বছরে আত্মহত্যার পরিমাণ বেড়েছে ৪০ শতাংশ। দক্ষিণ কোরিয়ার গোয়েন্দা সংস্থাগুলো এ তথ্য জানিয়েছে।

# ইউক্রেনে বাঁধে বিস্ফোরণ, প্লাবিত মাইন নিয়ে বিপর্যয়ের শঙ্কা

*আন্তর্জাতিক ডেস্ক :* ইউক্রেনের দক্ষিণাঞ্চলে বড় একটি বাঁধ ভেঙে যাওয়ায় অনেকগুলো স্থলমাইন ভেসে গেছে। সেগুলোর অবস্থান শনাক্ত করা দুষ্কর হয়ে পড়ায় বিপর্যয়কর পরিস্থিতি এড়াতে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে রেডক্রস। দেশটির কাখোভকায় বিস্ফোরণের ফলে বাঁধের একাংশ ভেঙে গেছে। এর প্রভাবে নিপ্রো নদীর পানি বেড়েই চলেছে। খেরসন অঞ্চলের বিভিন্ন অংশ থেকে কয়েক হাজার মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে। ইউক্রেনের সরকারি কর্মকর্তারা জানিয়েছেন, গতকাল বৃহস্পতিবার নিপ্রোর পানি আরও তিন ফিট পর্যন্ত বাড়তে পারে। বন্যার্ত এলাকা ও মৃত্যুর সংখ্যা বাড়বে। রাশিয়া ও ইউক্রেনের অধিকৃত এলাকায় ৪২ হাজার মানুষ বন্যার কবলে পড়েছেন। ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কি জানিয়েছেন, বিপুল সংখ্যক মানুষের কাছে খাবার পানি নেই। আন্তর্জাতিক ত্রাণ সংস্থাগুলোকে আক্রান্ত এলাকায় সহায়তা করার আহ্বান জানিয়েছেন তিনি। রেডক্রসের আশঙ্কা, এই এলাকায় প্রচুর মাইন পুঁতে রাখা হয়েছিল। সেগুলো বন্যার পানিতে ভেসে গেছে। এর ফল ভয়ঙ্কর হতে পারে। রেডক্রসের কর্মকর্তা এরিক টোলেফসেন এএফপি-কে বলেছেন, "এই মাইনগুলো শুধু খেরসনের বাসিন্দাদের কাছে বিপদের কারণ তাই নয়, বাইরে থেকে যারা সাহায্য করার জন্য আসছেন, তাদের জন্যও বিপদের কারণ।" এরিক বলেছেন, "আগে আমরা জানতাম মাইনগুলো কোথায় আছে। নদীর পানিতে এখন তা নিচের দিকে চলে যেতে পারে।" ইউক্রেনের সেনার সাদার্ন কম্যান্ডের মুখপাত্র নাতালিয়া হুমেনিউক বলেছেন, "রাশিয়া অধিকৃত এলাকা থেকে মাইনগুলো ভেসে গেছে এবং এখন সেগুলো ভাসমান মাইনে পরিণত হয়েছে। এই মাইনগুলো ঘোর বিপদের কারণ।" সরকারি কর্মকর্তারা জানিয়েছেন, নিপ্রোর পানিতে ৩০টি শহর ও গ্রাম ভেসেছে। এর মধ্যে ২০টি শহর ও গ্রাম ইউক্রেনের অধিকারে আছে, বাকি ১০টি রাশিয়ার দখলে। ইউক্রেনের এলাকায় ১৭ হাজার ও রাশিয়ার এলাকায় ২৫ হাজার মানুষের সাহায্য দরকার। খেরসন শহরে দুই হাজার বাড়ি পানির তলায় চলে গেছে। কারা এই বিস্ফোরণের পেছনে তা এখনো জানা যায়নি। ইউক্রেন বলছে, রাশিয়া এই কাজ করেছে। আর রাশিয়ার অভিযোগ, ইউক্রেনই বিস্ফোরণের পেছনে দায়ি। তুরস্কের প্রেসিডেন্ট এর্দোয়ানের সঙ্গে ফোনে কথা বলার সময় রাশিয়ার প্রেসিডেন্ট পুটিন বলেছেন, "ইউক্রেনের এই কাজ বর্বরোচিত।"

# যুক্তরাষ্ট্রে আগ্নেয়গিরির ভয়াবহ রূপ

*আন্তর্জাতিক ডেস্ক :* ২০১৯ সালের পর এমন ভয়াবহ অগ্নিগিরি আগে দেখা যায়নি। তবে ২০১৯ সালে ভয়াবহতা এত বেশি ছিল না। জিজ্ঞানীরা বলছেন সমুদ্র তলদেশে বার বার বড় ধরণের ভূমিকম্প হওয়ার কারণে পৃথিবী দিন দিন উত্তপ্ত হয়ে পড়ছে। আর এসব কারণে যুক্তরাষ্ট্রের হাওয়াই অঙ্গরাজ্যের কিলাউয়া আগ্নেয়গিরিতে ভয়াবহ অগ্ন্যুৎপাত শুরু হয়েছে। যা ক্রেমেই ছড়িয়ে পড়ছে। গতকাল বৃহস্পতিবার সকালে লাভা উদগিরণ ভয়াবহ আকার ধারণ করেছে।
গত বুধবার স্থানীয় সময় সকাল থেকে উদগিরণ শুরু হয়। দুর্ঘটনা এড়াতে স্থানীয়দের নিরাপদ দূরত্বে থাকতে বলা হয়েছে। নিয়োগ করা হয়েছে সেনাবাহিনী। সিএনএনসহ আন্তর্জাতিক সংবাদমাধ্যমে আগ্ন্যুৎপাতের ভয়াবহ ছবি প্রকাশিত হয়েছে। এ ছাড়া এসব ছবি ও ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। অনেকে আতঙ্কে এলাকা ছেড়ে পালিয়েছে। হাওয়াইয়ান ভলকানো অবজারভেটরি এক বিবৃতিতে বলেছে, '৭ জুন সকাল আনুমানিক ৪ টা ৪৪মিনিটের দিকে হাওয়াইয়ান ভলকানো অবজারভেটরি কিলাউয়া পর্বতের ওপর থেকে তোলা ওয়েবক্যামের ছবিগুলোর উজ্জ্বলতা থেকে শনাক্ত করতে পেরেছে একটি অগ্ন্যুৎপাত শুরু হয়েছে।' প্রতিষ্ঠানটি আরও বলেছে, 'অগ্নুৎপাতের শুরুর পর্যায়গুলো বেশ গতিশীল। ওয়েবক্যামের ছবিগুলো থেকে দেখা গেছে হালেমাউমাউ ফাটলের গোঁড়ার মেঝেতে লাভা প্রবাহ তৈরি হয়েছে। তবে আগ্নেয়গিরি থেকে উদগিরিত লাভা এখনো আশপাশে ছড়ায়নি বলে জানিয়েছে হাওয়াই কর্তৃপক্ষ। খুব শিগগিরই তা ভয়াবহ রূপ নিতে পারে বলেও সতর্ক করা হয়েছে। এখন পর্যন্ত কেউ হতাহত না হলেও দুর্ঘটনা এড়াতে স্থানীয়দের নিরাপদে থাকার নির্দেশনা দিয়েছে প্রশাসন। এরইমধ্যে লাভা লোকালয়ে ছড়িয়ে পড়েছে। চলতি বছরের জানুয়ারিতে কিলাউয়ার লাভা উদ্গিরণ শুরু হয়। সেসময় আগুন ছড়িয়ে পড়ে হাওয়াইয়ের বিগ আইল্যান্ডের আশপাশের ন্যাশনাল পার্কে। আগুনের লেলিহান শিখায় ওই অঞ্চলের বেশ কিছু বাড়িঘর ও ফসলি জমি নষ্ট হয়। এর আগে ২০১৯ সালেও কিলাউয়া আগ্নেয়গিরি ভয়ঙ্কর আকার ধারণ করেছিলো।